রবীন্দ্রগ্রন্থসূচি

প্রথম খণ্ড। প্রথম পর্ব

স্বপন মজুমদার

জাতীয় গ্রন্থাগার
কলিকাতা ৭০০ ০২৭

প্রকাশ : ১৩৯৫ শ্রাবণ ২২
প্রচ্ছদশিল্পী : পূর্ণেন্দু পত্রী

গবেষণা সহায়ক

ভাস্বতী ঘোষ
মধুময় পাল
প্রভাতকুমার দাস

মূল্য / Price
মূল্য : [illegible] 10/-
£ 11/-
$ 32

প্রকাশক : শ্রীঅশীন দাশগুপ্ত, পরিচালক, জাতীয় গ্রন্থাগার, কলিকাতা ২৭।
মুদ্রক : শ্রীপ্রদীপ বন্দ্যোপাধ্যায়, মানসী প্রেস, ৭৩ শিশির ভাদুড়ি সরণি, কলিকাতা ৬।

উৎসর্গ

আমার শিক্ষক

অধ্যাপক অলোক রায়

শ্রদ্ধাস্পদেষু

ভূমিকা

রবীন্দ্রগ্রন্থপঞ্জি প্রণয়নের প্রয়াস শুরু হয় কবির জীবৎকালেই এবং প্রশান্তচন্দ্র মহলানবিশ, ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, প্রভাতকুমার মুখোপাধ্যায়, পুলিনবিহারী সেনের মতো গুণিজনের গবেষণায় সমৃদ্ধ হয়ে উঠেছে এই তথ্যসম্ভার। অবশ্য এঁদের সকলেরই প্রধান আগ্রহ ছিল কেবলমাত্র প্রথম সংস্করণগুলির তথ্য সংগ্রহেই। পুলিনবিহারী সেনের গ্রন্থ নামত 'পঞ্জী' হ'লেও তাঁর উদ্দেশ্য ছিল এক-একটি গ্রন্থ অবলম্বন ক'রে প্রায় বিশ্বকোষ-নিবন্ধতুল্য ইতিহাস সংকলনের। কিন্তু আমাদের পক্ষে পরিতাপের বিষয়, কেউই সমাপ্ত ক'রে যেতে পারেননি এই বিপুল কর্মকাণ্ড। এরই মধ্যে ক্রমে দুর্লভতর হয়ে উঠেছে কোন কোন সংস্করণ এবং আমরাও বঞ্চিত হয়েছি তাঁদের স্মৃতিসম্পুটের সাহায্য থেকে।

তাই আর বিলম্ব না-ক'রে জাতীয় গ্রন্থাগার একাধিক খণ্ডে সমগ্র 'রবীন্দ্রগ্রন্থসূচি' প্রণয়নের পরিকল্পনা গ্রহণ করে ১৯৮৫ সালে। তিনজন সহায়কের সাহায্যে এই প্রকল্প পরিচালনার জন্য আহ্বান করা হয় শ্রীস্বপন মজুমদারকে। তাঁরই পরিকল্পিত বিন্যাসরীতিতে সংকলিত হচ্ছে কবির প্রয়াণ পর্যন্ত প্রকাশিত বিভিন্ন বাঙলা গ্রন্থের বিশদ বিবরণ সংবলিত প্রথম খণ্ডটি। দুই পর্বে বিন্যস্ত এই খণ্ডের প্রথম পর্বটি প্রকাশ হ'ল এখন, দ্বিতীয় পর্বটিও, আশা করা যাচ্ছে, এই বৎসরেই পাঠকদের হাতে তুলে দিতে পারা যাবে।

জাতীয় গ্রন্থাগারের নিজস্ব সংগ্রহ ছাড়াও এই সূচির কাজে বঙ্গীয় সাহিত্য পরিষৎ, রবীন্দ্রভারতী সোসাইটি ও শান্তিনিকেতনের রবীন্দ্রভবনের সমৃদ্ধ সংগ্রহগুলি বর্তমান গ্রন্থসূচির প্রধান আকর হিসেবে ব্যবহৃত হয়েছে। বিশ্বভারতী গ্রন্থনবিভাগের গ্রন্থাগার সাধারণ পাঠকদের জন্য উন্মুক্ত না-হ'লেও, আমাদের সংকলনকর্মে তাঁদের সহযোগিতা বিশেষ সহায়ক হয়েছে। প্রতিষ্ঠানগুলির পরিচালকমণ্ডলিকে কৃতজ্ঞতা জানাই।

'রবীন্দ্রগ্রন্থসূচি'র পাণ্ডুলিপি পরীক্ষা ক'রে গ্রন্থটির প্রকাশযোগ্যতা বিষয়ে অনুকূল মত দিয়েছেন রবীন্দ্র-বিশেষজ্ঞ শ্রীশঙ্খ ঘোষ। তাঁর সহযোগিতা শ্রদ্ধার সঙ্গে স্বীকার করি। জাতীয় গ্রন্থাগারের পক্ষ থেকে এই প্রকল্পটির তত্ত্বাবধান করেছেন গ্রন্থাগারিকা শ্রীমতী কল্পনা দাশগুপ্তা। তাঁকে এবং তাঁর সঙ্গে সহযোগিতা করেছেন গ্রন্থাগারের অন্য যে-সব সহকর্মী তাঁদেরও নমস্কার জানাচ্ছি।

অশীন দাশগুপ্ত

অধ্যক্ষ। জাতীয় গ্রন্থাগার

অবতরণিকা

অভিজ্ঞ পাঠক বা গ্রন্থাগারিক মাত্রেরই দৃষ্টি এড়াবেনা, গ্রন্থপঞ্জি সংকলনের প্রচল প্রথা বর্তমান সূচিতে অবিকল অনুসরণ করা হয়নি। তাঁর অনৈসর্গিক প্রতিভা যেমন সৃষ্টির ব্যাকরণ সর্বথা মেনে চলেনি, তেমনি তাঁর গ্রন্থসূচি রচনায়ও আমাদের সেই প্রচলিত পদ্ধতির বাইরে যেতেই হয়েছে। বর্তমান সংকলনে আমাদের প্রথম থেকেই লক্ষ ছিল রবীন্দ্র-গ্রন্থের প্রকাশবৈচিত্র্যের—কি আকারে, কি মুদ্রণে, কি গ্রন্থনে—একটি সামগ্রিক রূপরেখা পাঠকের সামনে তুলে ধরা। কেবল বিষয়গৌরবেই নয়, প্রকাশনার প্রায় প্রতিটি ক্ষেত্রেই কোন না কোন অভিনবত্ব তিনি এনেছেন। তাঁর গ্রন্থপ্রকাশের সূচনা হয়েছিল উনবিংশ শতাব্দীর শেষ পাদের অভ্যস্ত রীতিপদ্ধতি স্বীকার ক'রে। কিন্তু তেষট্টি বছরের নিয়ত নিরীক্ষায় প্রকাশনার যে পরিশীলিত উৎকর্ষে পৌছলেন তিনি, ততদিনে সে-পরম্পরা পরিণত হয়েছে স্বয়ম্ভর একটি ঐতিহ্যে, প্রথা অতিক্রম ক'রে হ'য়ে উঠেছে স্বনির্ভর একটি প্রতিষ্ঠান। তথ্য-সংকলনের গভীরে প্রকাশ-সৃজনের এই জায়মান রূপটি লক্ষ করার কৌতূহলও আমাদের ছিল আদ্যন্ত।

আন্তর্জাতিক গ্রন্থপঞ্জি সংকলনপদ্ধতি বাঙলা বইয়ের ক্ষেত্রে প্রয়োগের ব্যবহারিক অসুবিধাগুলির কথা মনে রেখে আমাদের ঈষৎ ভিন্ন এক প্রকরণ ও বিন্যাস উদ্ভাবন করতে হয়েছে। UNESCO সিদ্ধান্ত অনুযায়ী অন্যূন 50 পৃষ্ঠা না-হ'লে কোন মুদ্রিত রচনাকে গ্রন্থের মর্যাদা দেওয়া যায়না। কিন্তু 'বাল্মীকি-প্রতিভা' বা 'কালমৃগয়া' আমরা বাদ দিতে পারি কি রবীন্দ্রগ্রন্থসূচি থেকে? অন্যদিকে, অনুষ্ঠানপত্র, মুদ্রিত ভাষণ ও শিশুপাঠ্যপুস্তক এই খণ্ডের অন্তর্ভুক্ত না-করায় 'রামমোহন রায়' (1885) বা পাবনা 'সভাপতির ভাষণ' (1908) বা 'আটটি গল্প' (1911) এই পর্বে স্থান পায়নি। আবার, প্রথম প্রকাশ অনুযায়ী ক্রমবিন্যাস করায় 'মালিনী', 'চৈতালি', 'স্বদেশ' থেকে 'উৎসর্গ' বা 'প্রজাপতির নির্বন্ধ' প্রভৃতি গ্রন্থের স্থান অভ্যস্ত পরম্পরা থেকে স'রে এসেছে।

বিদেশে গ্রন্থের আকার, হরফের বেধ, মুদ্রণ পরিসর আন্তর্জাতিক মান অনুযায়ী প্রস্তুত হয়। কিন্তু আমাদের দেশে একই সঙ্গে যেমন একাধিক মান প্রচলিত, তেমনি আন্তর্জাতিক মানের সঙ্গে তার ভিন্নতাও ঘটে। এই স্বাতন্ত্র্য যথাসম্ভব স্পষ্ট ক'রে তোলার উদ্দেশ্যে নতুন ক'রে সাজিয়ে নিতে হয়েছে আমাদের বিন্যাস-পরম্পরা। বর্তমান গ্রন্থসূচি আমরা সাজিয়েছি এই ক্রম অনুসারে: A আখ্যাপত্র; B প্রকাশক: ব্যক্তি, প্রতিষ্ঠান, ঠিকানা (আখ্যাপত্রে উল্লেখ না-থাকলে); C মুদ্রক: ব্যক্তি, প্রতিষ্ঠান, ঠিকানা (ঐ); D প্রচ্ছদ এবং/বা ছবির শিল্পী; E প্রচ্ছদ এবং/বা ছবির মুদ্রক: ব্যক্তি, প্রতিষ্ঠান ঠিকানা (বইয়ের মুদ্রকের থেকে ভিন্ন হ'লে); F জেলদ্‌গর: ব্যক্তি, প্রতিষ্ঠান, ঠিকানা; G প্রকাশকাল; H মুদ্রণসংখ্যা; I কাগজ: আকার ও আয়তন; J মুদ্রণক্ষেত্র; K হরফ; L ফোলিও; M বাঁধাই; N পত্রাঙ্ক; O মূল্য; P উৎসর্গ; Q ভূমিকা: লেখক বা অন্য কারও; R প্রচ্ছদ; S গান; T মুদ্রণবৈশিষ্ট্য ও U সূচি।

আখ্যাপত্রের পূর্বস্থিত বাঙলা সংখ্যাটি দিয়ে গ্রন্থপ্রকাশের ক্রম বোঝানো হয়েছে। বাঙলা বইয়ে পুনর্মুদ্রণ ও সংস্করণের প্রভেদ সুস্পষ্ট নয়। তাই প্রতিটি স্বতন্ত্র প্রকাশকে আমরা ক্রমিক সংখ্যা দিয়ে নির্দেশ করেছি। কখনও গ্রন্থাবলি বা সংকলনগ্রন্থের অন্তর্ভূ'ত হ'লে কেবল দ্রষ্টব্য সংকেত দেওয়া হয়েছে। মৌল পরিবর্তন না-হ'লে স্বচিতে উল্লেখ করা হয়নি।

আখ্যাপত্র (A), উৎসর্গপত্র (P) এবং ভূমিকা (Q) ইত্যাদি ক্ষেত্রে মূল গ্রন্থের যথাপ্রাপ্ত অনুলিপি দেওয়া হয়েছে। অন্যত্র সংকলয়িতার অনুসৃত বানানবিধি ব্যবহৃত হয়েছে।

প্রকাশ বিষয়ক কোন তথ্য (B থেকে H এবং O) বেঙ্গল লাইব্রেরি ক্যাটলগ থেকে গৃহীত হ'লে তৃতীয় বন্ধনীভুক্ত হয়েছে।

মুদ্রণ পরিসর (J) পরিমাপে 6 এম্ = 72 পয়েণ্ট = 1 ইঞ্চি মাত্রাঙ্ক হিসেবে গ্রহণ করা হয়েছে।

সাধারণভাবে তথ্যাভাব বোঝাতে * চিহ্ন ব্যবহৃত হয়েছে। বাঁধাইয়ের (M) ক্ষেত্রে * চিহ্নের অর্থ আদি গ্রন্থন দেখার সুযোগ হয়নি। সে-ক্ষেত্রে কাগজের ভাঁজ অনুসারে আদি আয়তন অনুমিত হয়েছে। প্রচ্ছদের বর্ণনায় (R) * চিহ্ন থাকলে ধ'রে নিতে হবে প্রচ্ছদ সংবলিত গ্রন্থ দেখার সুযোগ হয়নি।

পৃষ্ঠাসংখ্যায় (N) পত্রাঙ্কহীন পৃষ্ঠা ইংরেজি হরফে তৃতীয় বন্ধনীর মধ্যে, বাঙলা বর্ণমালা বা আনা চিহ্নিত পত্রাঙ্কযুক্ত পৃষ্ঠা ছোট হাতের রোমান হরফে এবং মূল গ্রন্থের পত্রাঙ্ক বাঙলা অঙ্কে নির্দেশ করা হয়েছে। অন্যত্র NCERT-র বিধান অনুযায়ী ইংরেজি সংখ্যা ব্যবহৃত।

রাগ তাল যুক্ত বা বিশেষভাবে গান (S) রূপে উল্লিখিত হ'লেই স্বচিতে উল্লেখ করা হয়েছে। পরে গান হিসেবে প্রচলিত, কিন্তু আদিতে কবিতা বা কাব্যের অংশ—এমন রচনাকে গানের পর্যায়ভুক্ত করা হয়নি।

অক্ষর সংকেত: দ্র—দ্রষ্টব্য; য=যথাপ্রাপ্ত; বি-মোহর=বিশ্বভারতীর মোহর। F=Fleuron, D=Dash, R=Rule; DR=Decorative Rule, WR=Wave Rule।

সংখ্যা সংকেত: চারটি গ্রন্থাগারকে প্রধান সংগ্রহশালা হিসেবে গ্রহণ করা হয়েছে—1 জাতীয় গ্রন্থাগার, 2 বঙ্গীয় সাহিত্য পরিষৎ, 3 রবীন্দ্রভারতী সোসাইটি এবং 4 রবীন্দ্রভবন, শান্তিনিকেতন।

হরফ পরিচয়: বর্জইস=8 পয়েণ্ট; স্মল পাইকা 10·5 পয়েণ্ট; পাইকা=12 পয়েণ্ট; ইংলিশ=14 পয়েণ্ট; গ্রেট=18 পয়েণ্ট; ডবল পাইকা 24 পয়েণ্ট ও ডবল গ্রেট=36 পয়েণ্ট।

অর্থাৎ একটু লক্ষ করলেই বোঝা যাবে, আখ্যাপত্রের পর B থেকে F পর্যন্ত গ্রন্থপ্রকাশের নেপথ্যচারী মানুষদের সন্ধান দেওয়ার চেষ্টা করা হয়েছে; G থেকে O পর্যন্ত তথ্যে পাওয়া যাবে গ্রন্থের আকার-আয়তন-মূল্যগত পরিসংখ্যান; গ্রন্থের মূল পাঠের অতিরিক্ত তথ্য বা ভাষ্য সন্নিবিষ্ট হয়েছে P থেকে R পর্যন্ত এবং S থেকে U-র মধ্যে ধরা আছে স্বচিরই তিনটি বৈচিত্র্য।

স্বীকৃতি

জাতীয় গ্রন্থাগারের প্রযোজনায় 'রবীন্দ্রগ্রন্থসূচি'র প্রথম খণ্ড প্রথম পর্ব প্রকাশিত হ'ল। চার খণ্ডে পরিকল্পিত এই সূচির প্রথম খণ্ডে সংকলিত হচ্ছে কবির জীবদ্দশায় প্রকাশিত সৃজনাত্মক বাঙলা গ্রন্থের বিভিন্ন গ্রন্থের মুদ্রন এবং/বা সংস্করণের বিবরণ। কিন্তু আয়তন বিশাল হ'য়ে ওঠায় 1912-য় কবির তৃতীয়বার য়ুরোপযাত্রার প্রাক্কাল অর্থাৎ 'অচলায়তন' পর্যন্ত এসে পর্ববিভাগ করা হ'ল। 'গীতিমাল্য' (1914) থেকে কবির মহাপ্রয়াণ পর্যন্ত গ্রন্থাবলির বিবরণ স্থান পাবে দ্বিতীয় পর্বে।

1985-র অগাস্ট মাসে জাতীয় গ্রন্থাগারের আহ্বানে এই তথ্যসংগ্রহের কাজ শুরু হয়। স্থির হয়, চারটি খণ্ডের প্রথম দুটি প্রস্তুত করার দায়িত্ব আমার, পরবর্তী দুটি খণ্ডের ভার জাতীয় গ্রন্থাগারের। কলকাতার জাতীয় গ্রন্থাগার, বঙ্গীয় সাহিত্য পরিষৎ, রবীন্দ্রভারতী সোসাইটি ও শান্তিনিকেতনের রবীন্দ্র-ভবনের সংগ্রহগুলিকে আকর গ্রন্থাগার হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত নেওয়া হয়। কলকাতার বিশ্বভারতী গ্রন্থনবিভাগের সংগ্রহ ব্যবহার করা হ'লেও সাধারণ পাঠকের জন্য এই গ্রন্থাগার উন্মুক্ত নয় ব'লে অন্যত্র অপ্রাপ্য দু-একটি মুদ্রণের ক্ষেত্র বাদে এই প্রতিষ্ঠানের উল্লেখ করা হয়নি। এ ছাড়া শান্তা-কালিদাস নাগ, অরুন্ধতী-কেদারনাথ চট্টোপাধ্যায়, ক্ষিতিমোহন সেন ও সীতা-সুধীর চৌধুরীর ব্যক্তিগত সংগ্রহের বিশেষ কয়েকটি সংস্করণ ব্যবহারেরও সুযোগ দিয়েছেন তাঁদের উত্তরাধিকারীরা। অধ্যাপক শ্রীশঙ্খ ঘোষের রবীন্দ্রগ্রন্থাবলির সংগ্রহও ব্যবহার করতে পেয়েছি নিয়ত। আর অবশ্যই আমার পথপ্রদর্শক ছিলেন পূর্বজ মহাজনেরা, তাঁদের গবেষণাগুলি আমার সামনে না-থাকলে এ-বইয়ের অসম্পূর্ণতা আরও বৃদ্ধি পেত। এঁদের সকলকে প্রণাম জানাই।

বর্তমান গ্রন্থসূচির কাজে আমাকে সাহায্য করেছেন তিনজন গবেষণা সহায়ক। এঁদের মধ্যে 1986-র শুরু থেকেই স্থায়ী চাকুরীলাভ ক'রে শ্রীমধুময় পাল ও চাকুরীস্থলে দায়িত্ব বৃদ্ধি পাওয়ায় শ্রীপ্রভাতকুমার দাস তথ্যসংগ্রহের কাজ থেকে বিচ্ছিন্ন হ'য়ে পড়েন। তখন নতুন গবেষককে শিখিয়ে নেওয়ার সময় ছিলনা। এইসময় শ্রীমতী ভাস্বতী ঘোষ অসামান্য নিষ্ঠায় অন্যদের অসমাপ্ত কাজ সম্পন্ন করেন; বেঙ্গল লাইব্রেরির গ্রন্থতালিকা থেকে প্রায় সমস্ত তথ্যই তাঁর সংগ্রহ। তাঁর প্রতি আমার কৃতজ্ঞতার শেষ নেই। পরে তথ্য পরীক্ষা ও পাণ্ডুলিপি রচনায় নানাভাবে সাহায্য করেছেন শ্রীশমীন্দ্র ভৌমিক ও শ্রীসুমিত্র মজুমদার। তাঁদের প্রীতি জানাই।

কবির ১২৫ জন্মবর্ষপূর্তি উপলক্ষে প্রথম খণ্ডের পাণ্ডুলিপি জাতীয় গ্রন্থাগারের অধ্যক্ষের হাতে তুলে দেওয়া হয়। অবশ্য তখন থেকে গ্রন্থমুদ্রণ পর্যন্ত অজানিত তথ্য সংযোজনের সুযোগ নেওয়া হয়েছে অবিরত। তা সত্ত্বেও এই মুহূর্তে আমার থেকে ভালো কেউ জানেননা বর্তমান সংকলনের ত্রুটিগুলি কী। নিরন্তর সংযোজন ও সংশোধনের মধ্য দিয়েই কোন একদিন হয়ত সম্পূর্ণ হ'য়ে উঠবে এই কাজ।

কয়েকটি গ্রন্থের সবকটি সংস্করণ এখনও দেখতে পাওয়া যায়নি। আশা করি, কারও ব্যক্তিগত সংগ্রহে বা কোন গ্রন্থাগারে এই মুদ্রণগুলি থাকলে তাঁরা আমাদের গোচর করবেন। দ্বিতীয় পর্বের শেষে সমগ্র সংশোধন, সংযোজন ও নির্দেশিকা সন্নিবেশিত হবে।

রবীন্দ্রচর্চায় অপরিহার্য এবং প্রাথমিক এমন একটি কাজের দায়িত্ব যে নিলেন জাতীয় গ্রন্থাগার এবং আমার মতো অযোগ্য ব্যক্তিকে দিয়েও করিয়ে নিতে পারলেন এই বিশাল তথ্যসংকলন, তার সম্পূর্ণ কৃতিত্ব অধ্যক্ষ শ্রীঅশীন দাশগুপ্তের। জাতীয় গ্রন্থাগারের গ্রন্থাগারিক শ্রীমতী কল্পনা দাশগুপ্তা সব বিষয়েই ছিলেন পরম সহায়। শ্রীপাচুগোপাল মৈত্র, শ্রীসরোজ বন্দ্যোপাধ্যায় ও গ্রন্থপঞ্জি বিভাগের কর্মীরা জাতীয় গ্রন্থাগার সংগ্রহ ব্যবহারে যথাসাধ্য সাহায্য করেছেন। শান্তিনিকেতন রবীন্দ্রভবনের গ্রন্থাগারিক শ্রীমতী সুপ্রিয়া রায় এবং শ্রীআশিস হাজরা ও শ্রীরামগোপাল চক্রবর্তী নিরলসভাবে ও উৎসাহভরে আমায় বিভিন্ন সংস্করণ দেখার সুযোগ দিয়েছেন। একই কারণে আমি কৃতজ্ঞ বঙ্গীয় সাহিত্য পরিষদের শ্রীযামিনীমোহন আদক ও বিশ্বভারতী গ্রন্থনবিভাগের অধ্যক্ষ শ্রীজগদিন্দ্র ভৌমিক এবং শ্রীসুদীপ্ত চট্টোপাধ্যায় ও শ্রীসমর-রঞ্জন দে-র কাছে। শ্রীআনন্দকুমার মুখোপাধ্যায়ের অনুমতিতে, শ্রীমতী রমা গঙ্গোপাধ্যায় ও শ্রীশ্যামল গঙ্গোপাধ্যায় নির্দিষ্ট দিন ও সময়ের বাইরেও আমায় রবীন্দ্রভারতী সোসাইটির সংগ্রহটি ব্যবহার করতে দিয়েছেন। এঁদের সকলকে আমার নমস্কার জানাই। এই কাজের সূত্রে একাধিকবার শান্তিনিকেতনে যেতে হয়েছে। সেই দিনগুলো সঙ্গ ও আতিথেয়তা দিয়ে মধুর ক'রে তুলেছেন পাঠভবনের শিক্ষক, আমার প্রাক্তন ছাত্র শ্রীগৌতম ভট্টাচার্য, সপরিবারে। তাঁদের মঙ্গল কামনা করি। আর তথ্যকীর্ণ মুদ্রণের এই সুদীর্ঘ পর্যায়ে প্রসন্নচিত্তে আমার সব অনুরোধ রক্ষা ক'রে এসেছেন মানসী প্রেসের কর্ণধার শ্রীপ্রদীপকুমার বন্দ্যোপাধ্যায় ও তার কর্মীরা। ছাপার ভুল যা ঘটেছে তার দায়িত্ব তাঁদের থেকেও আমার বেশি।

এ-গ্রন্থসূচির মান কেমন হ'ল বলার স্পর্ধা আমি রাখিনা। কিন্তু কাজটি করতে গিয়ে যখনই আমি অনুভব করেছি, হয়ত এরই কোন পাতায় ছিল তাঁর স্পর্শ, আমার মন তাঁর চরণ পেয়েছিল। সেখানেই আমি কৃতার্থ।

তুলনামূলক সাহিত্যবিভাগ
যাদবপুর বিশ্ববিদ্যালয়

স্বপন মজুমদার

সূচি

চিত্রসূচি

আখ্যাপত্র : ১ 'কবি-কাহিনী' (1878) ; ২ 'বৌ-ঠাকুরাণীর হাট' (1883) ; ৩ 'বিবিধ প্রসঙ্গ' (1883) ; ৪ 'রবিচ্ছায়া' (1885) ; ৫ 'ছোট গল্প' (1894) ; ৬ 'কাব্য গ্রন্থাবলী' (1896) ; ৭ 'ক্ষণিকা' (1900) ৮ 'গল্পগুচ্ছ' (1900) ; ৯ 'কাব্য-গ্রন্থ' (1903) ; ১০ 'বাউল' (1905) ; ১১ 'বিচিত্র প্রবন্ধ' (1907) ; ১২ 'গান' (1908) ; ১৩ শান্তি-নিকেতন' (1909) ১৪ 'গোরা' (1909) প্রথম পৃষ্ঠা ; ১৫ 'গীতাঞ্জলি' (1910)।

ছবি : ১ ফণীন্দ্র -স্বাক্ষরিত 'রাজর্ষি'র (188/) বহুবর্ণ হাফ্-টোন ছবি : 'এত রক্ত কেন ?' ২ অবনীন্দ্রনাথ ঠাকুর -চিত্রিত 'চিত্রাঙ্গদা'র (1892) রঙিন ছবি। ৩ 'নদী' (1896) প্রকাশের পর উপেন্দ্রকিশোর রায়চৌধুরী -অঙ্কিত স্বতন্ত্র ছবি।

রবীন্দ্রগ্রন্থসূচি

প্রথম খণ্ড । প্রথম পর্ব

001 কবি-কাহিনী

১A কবি-কাহিনী । / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত । / ও / শ্রীপ্রবোধচন্দ্র ঘোষ কর্তৃক / প্রকাশিত। / [D] / কলিকাতা / মেচুয়াবাজার-রোডের ৪৯ সংখ্যক ভবনে / সরস্বতী যন্ত্রে / শ্রীক্ষেত্রমোহন মুখোপাধ্যায় কর্তৃক / মুদ্রিত । / [D] / সংবৎ ১৯৩৫ ।

G [05 নভেম্বর 1878]

H [500]

I হোয়াইট ওভ্‌ ডিমাই 12

J 16×36 এম্‌

K স্মল পাইকা। সর্গ-সংখ্যাশব্দ পাইকা।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম ।– × / × – ক্রমশব্দে সর্গ-সংখ্যা। পত্রাঙ্ক ইংলিশ।

M *

N আখ্যাপত্র [2]+৫৩

O [ছয় আনা।]

R *

S কেন ভাল বাসিলে আমায় (২৮)।

U প্রথম সর্গ (১), দ্বিতীয় সর্গ (১২), তৃতীয় সর্গ (৩১), চতুর্থ সর্গ (৩৮)।

2 3 4

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', অচলিত সংগ্রহ, প্রথম খণ্ড (1940), পৃ ১-৪৬

002 বনফুল

১A বন-ফুল। / কাব্যোপন্যাস। / [D] / "অনাঘ্রাতং পুষ্পং কিসলয়মলূনং কররুহৈঃ।"/ [D] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত। / [D] / শ্রী মতিলাল মণ্ডল কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত। / গুপ্তপ্রেশ ; / ২২১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট ;– কলিকাতা। / [D] / ১২৮৬ সাল।

G [09 মার্চ 1880]

H [1000]

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 18 × 35 এম্

K ইংলিশ। পাদটীকা স্মল পাইকা। সর্গ-সংখ্যাশব্দ গ্রেট ও সর্গনাম প্রথম দুটি ইংলিশ ও শেষ দুটি স্মল পাইকা।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম। – × / × – গ্রন্থনাম। – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, অশুদ্ধ সংশোধন / [বিজ্ঞপ্তি] [4]+৯৩

O [আট আনা।]

R *

S মোহিনী কল্পনে। আবাব আবাব (৩৩)।

T অশুদ্ধ সংশোধন [3], বিজ্ঞপ্তি : "কলেজ ষ্ট্রীট ক্যানিং লাইব্রেবী ও চিনাবাজাব পদ্মচন্দ্র নাথেব দোকানে প্রাপ্তব্য।" [4], প্রথম সর্গ সংখ্যাযোগে মুদ্রিত (১ম), কাব্যসূচনায় চাব পঙক্তিব প্রবেশক কবিতা : "চাইনা জ্জেয়ান, চাইনা জানিতে" [১], গ্রন্থশেষে অলঙ্কৃত পাদপূবক (৯৩)।

U প্রথম সর্গ : দীপ নির্ব্বাণ (১), দ্বিতীয় সর্গ : যেওনা। যেওনা। (১০), তৃতীয় সর্গ (২২), চতুর্থ সর্গ (৪২), পঞ্চম সর্গ (৪৯), ষষ্ঠ সর্গ (৫২), সপ্তম সর্গ : শ্মশান (৭০), অষ্টম সর্গ : বিসর্জ্জন (৭৯)।

1 2 3 4

দ্র 'রবীন্দ্র-বচনাবলী', অচলিত সংগ্রহ, প্রথম খণ্ড (1940), পৃ ৪৭-১১৬

003 বাল্মীকি-প্রতিভা

১A [12.2 × 20.3 সি এম্ সচিত্র অলঙ্কৃত সীমাব মধ্যে] বাল্মীকি প্রতিভা। / গীতি-নাট্য। / [DR] / বিদ্বজ্জন সমাগম উপলক্ষে। / বচিত ও অভিনীত। / [DR] / কলিকাতা। / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রী কালিদাস চক্রবর্ত্তি দ্বাবা / মুদ্রিত। / ফাল্গুন ১৮০২ শক। / মূল্য ।০ চাবি আনা।

B [প্রসন্নকুমাব বিশ্বাস, 6 দ্বাবকানাথ ঠাকুব লেন, কলিকাতা।]

D [ত্রৈলোক্যনাথ দেব]

G [12 ফেব্রুয়ারি 1881]

H [1000]

I হোয়াইট ওভ্ ডিমাই 8

J 23×42 এম্

K ইংলিশ। দৃশ্য ও নাট্য-নির্দেশ স্মল পাইকা। রাগ-নির্দেশ পাইকা।

L × –(পত্রাঙ্ক)– × / × –(পত্রাঙ্ক)– × ইংলিশ।

M *

N ১৩

R প্রচ্ছদ আখ্যাপত্ররূপে ব্যবহৃত। 'ভারতী'র প্রচ্ছদের কাঠখোদাই ছবি মলাটে মুদ্রিত। ইঁট-লাল কাগজে কালোয় ছাপা।

S আজকে তবে মিলে সবে করব লুঠের ভাগ (১); এক ডোরে বাঁধা আছি মোরা সকলে (২); এখন কর্ত্ব' কি বল্ (২); শোন্ তোরা তবে শোন্ (২); তবে আয় সবে আয়, তবে আয় সবে আয় (৩); কালী কালী বলোরে আজ (৩); একি এ ঘোর বন!—এনু কোথায় (৪); পথ ভুলেছিস্ সত্যি বটে (৪); নিশুম্ভ-মর্দ্দিনী অম্বে (৫); দেখ, হো ঠাকুর, বলি এনেছি মোরা (৫); নিয়ে আয় কৃপাণ, হয়েছে তৃষিতা শ্যামা মা (৫): কি দশা হ'ল আমার, (হায়) (৫); এ কেমন হ'ল মন আমার (৫); আরে, কি এত ভাবনা, কিছুত বুঝি না (৬); শোন্ তোরা শোন্, এ আদেশ (৬); ব্যাকুল হ'য়ে বনে বনে (৭); আরনা আরনা এখানে আর না (৭); জীবনের কিছু হ'ল না, হায়!—হল'না গো হ'ল না হায়, হায় (৭); থাম্ থাম্ কি করিবি বধি পাখীটির প্রাণ (৮); কি বলিনু আমি! —একি সুললিত বাণীরে (৮); একি এ, একি এ, স্থির চপলা (৯); কোথা লুকাইলে (৯); কেন গো আপন মনে, ভ্রমিছ বনে বনে, সলিল দুনয়নে (৯); (আমার) কোথায় সে উষাময়ী প্রতিমা (১০); এই যে হেরি গো দেবী আমারি (১০); হৃদয়ে রাখ', গো দেবি, চরণ তোমার (১১)।

শ্লোক 'মা নিষাদ' (৮)

T গ্রন্থে লেখকের নাম নেই।

U প্রথম দৃশ্য : অরণ্য (১); দ্বিতীয় দৃশ্য : অরণ্যে কালী প্রতিমা (৫); তৃতীয় দৃশ্য : অরণ্য (৭)॥

3

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', অচলিত সংগ্রহ, প্রথম খণ্ড (1940), পৃ ৫২৭-৪২

২A [9.5 × 15.5 সি এম্ F দিয়ে ঘেরা ক্ষেত্রের মধ্যে] বাল্মীকি-প্রতিভা। / গীতি-নাট্য। / [DR] / কলিকাতা / ৫৫ নং চিৎপুররোড। / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত / ও প্রকাশিত। / [D] / ফাল্গুন ১২৯২ সাল। / মূল্য ।০ চারি আনা।

B (ঠিকানা) [6 দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা।]

G [20 ফেব্রুয়ারি 1886]

H [1000]

I হোয়াইট ওভ্ ডিমাই 8

J 22 × 37 এম্

K ইংলিশ। নাট্য-নির্দেশ পাইকা, দৃশ্যবিবরণ, রাগ-তাল ও পাদটীকা স্মল পাইকা।

L × – (পত্রাঙ্ক) – × / × – (পত্রাঙ্ক) – × পাইকা।

M *

N ২৯

R *

S সংযোজন : সহেনা সহেনা কাঁদে পরাণ (১) ; আঃ বেঁচেছি এখন [কালমৃগয়া] (১) ; এনেছি মোরা এনেছি মোরা রাশি রাশি লুঠের ভার [কা] (২) : ঐ মেঘ করে বুঝি গগনে (৫) ; মরি ও কাহার বাছা, ওকে কোথায় নিয়ে যায় (৭) ; রাঙা পদ পদ্মযুগে প্রণমি গো ভবদারা (৭) ; কি দোষে বাঁধিলে আমায়, আনিলে কোথায় (৮) ; ছাড়ব না ভাই ছাড়ব না ভাই এমন শিকার ছাড়ব না (১০) ; রাজা মহারাজা কে জানে আমিই রাজাধিরাজ (১১) ; আছে তোমার বিদ্যে সাধ্যি জানা (১১) ; আঃ কাজ কি গোলমালে (১২) ; এত রঙ্গ শিখেছ কোথা মুণ্ডমালিনী (১২) : অহো আস্পর্দ্ধা এ কি তোদের নরাধম (১৩) ; আয় মা আমার সাথে কোন্ ভয় নাহি আর (১৩) ; রিম্ ঝিম্ ঘন ঘনরে বরষে [কা] (১৪) ; কোথায় জুড়াতে আছে ঠাঁই (১৪), কেন রাজা ডাকিস কেন, এসেছি সবে (১৫) ; এই বেলা সবে মিলে চলহো, চলহো [কা] (১৫), গহনে গহনে যারে তোরা নিশি বহে যায় যে [কা] (১৬) ; চল চল ভাই ত্বরা করে মোরা আগে যাই [কা] (১৬) ; কে এল আজি এ ঘোর নিশীথে [কা] (১৭), প্রাণ নিয়েত সট্‌কেছিরে করবি এখন কি [কা] (১৮) ; বল্‌ব কি আর বলব খুড়ো—উঁউ (১৮) ; সর্দ্দার মশায় দেরী না সয় [কা] (১৮) ; রাখ্ রাখ্ ফেল্ ধনু, ছাড়িস্‌নে বাণ (১৯) ; দেখ্ দেখ্ দুটো পাখী বসেছে গাছে (২১) ; শ্যামা, এবার ছেড়ে চলেছি মা (২৩) : বাণী বীণাপাণি করুণাময়ী (২৫)। বর্জন : নিশুম্ভমর্দ্দিনী অম্বে। পরিবর্তন : হা কি দশা হল আমার গানটি সরিয়ে নিয়ে আসা হয়েছে আঃ কাজ কি গোলমালের পর।

T কিছু বইতে গীতি-নাট্য উল্লেখের পর স্বতন্ত্র পঙ্‌ক্তিতে 'দ্বিতীয় সংস্করণ।' মুদ্রিত আছে, সেখানে DB নেই। পাদটীকায় বিজ্ঞপ্তি : 'অনেকগুলি গান পরিবর্ত্তিত আকারে অথবা বিশুদ্ধ আকারে "কাল-মৃগয়া" গীতি নাট্য হইতে গৃহীত।' (২)

U প্রথম দৃশ্য : অরণ্য (১) ; দ্বিতীয় দৃশ্য : অরণ্যে কালীপ্রতিমা (৭) ; তৃতীয় দৃশ্য : অরণ্য (১০) ; চতুর্থ দৃশ্য (১৪) ; পঞ্চম দৃশ্য (২১) , ষষ্ঠ দৃশ্য (২৪)।

3

দ্র 'গানের বহি ও বাল্মীকি-প্রতিভা' (1893), ক্রমিক সংখ্যা ২১৯-৭৩, পৃ ২২৭-৭১

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896), পৃ ২৮-৩৬

দ্র 'কাব্য-গ্রন্থ', অষ্টম ভাগ (1903), পৃ ১১৬-৪৮

দ্র 'রবীন্দ্র গ্রন্থাবলী (1904), পৃ ১০১৫ ক-১০২৫ ক

দ্র 'গান' (1908), পৃ ১৫০-৮১

S বর্জন : হৃদয়ে রাখ, গো দেবি।

দ্র 'গান' (1909), পৃ ১-২৪

দ্র 'কাব্যগ্রন্থ', দশম খণ্ড (1916), পৃ ১-৭৬

দ্র 'গান' (1917), পৃ ১-২৪

দ্র 'গীতবিতান', প্রথম খণ্ড (1931), পৃ ১৪-৩৫

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', প্রথম খণ্ড (1939), পৃ ২০৫-২৬

কবির মন্তব্য / বাল্মীকি-প্রতিভায় একটি নাট্য-কথাকে গানের সূত্র দিয়ে গাঁথা হয়েছিল, মায়ার খেলায় গানগুলিকে গাঁথা হয়েছিল নাট্যসূত্রে। একটা সময় এসেছিল যখন আমার গীতিকাব্যিক মনোবৃত্তির ফাঁকের মধ্যে মধ্যে নাট্যের উঁকিঝুঁকি চলছিল। তখন সংসারের দেউড়ি পার হয়ে সবে ভিতর মহলে পা দিয়েছি ; মানুষে মানুষে সম্বন্ধের জাল-বুনোনিটাই তখন বিশেষ করে ঔৎসুক্যের বিষয় হয়ে উঠেছিল। বাল্মীকি প্রতিভাতে দস্যুর নির্মমতাকে ভেদ করে উচ্ছ্বসিত হোলো তার অন্তর্গূঢ় করুণা। এইটেই ছিল তার স্বাভাবিক মানবত্ব, যেটা ঢাকা পড়েছিল অভ্যাসের কঠোরতায়। একদিন দ্বন্দ্ব ঘটল, ভিতরকার মানুষ হঠাৎ এল বাইরে। প্রকৃতির প্রতিশোধেও এই দ্বন্দ্ব। সন্ন্যাসীর মধ্যে চিরকালের যে মানুষ প্রচ্ছন্ন ছিল তার বাঁধন ছিঁড়ল। কবির মনের মধ্যে বাজছিল মানুষের জয়গান। মায়ার

খেলায় গানের ভিতর দিয়ে অল্প যে একটুখানি নাট্য দেখা দিচ্ছে সে হচ্ছে এই যে, প্রমদা আপনার স্বভাবকেই জানতে পারে নি অহংকারে, অবশেষে ভিতর থেকে বাজল বেদনা, ভাঙল মিথ্যে অহংকার, প্রকাশ পেল সত্যকার নারী। মায়াকুমারীদের কাছ থেকে এই ভৎ‍‍´সনা কানে এল :–

এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না,
শুধু সুখ চলে যায়,
এমনি মায়ার ছলনা।–

004 ভগ্নহৃদয়

১A ভগ্নহৃদয়। / [DR] / (গীতি-কাব্য) / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / [DR] / কলিকাতা / বা ল্মী কি য ন্ত্রে / শ্রীকালীকিঙ্কর চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত ও প্রকাশিত। / শকাব্দা ১৮০৩।

BC (ঠিকানা) 55 আমহার্স্ট স্ট্রিট, কলিকাতা।

G [23 জুন 1881]

H [1000]

I হোয়াইট ওভ্‌ ডিমাই 12

J 21×36 এম্‌

K স্মল পাইকা। সর্গ-সংখ্যাশব্দ গ্রেট।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম।– × / × – তৎসম ক্রমশব্দে সর্গ-সংখ্যা।– পত্রাঙ্ক ইংলিশ।

M *

N আখ্যাপত্র, ভূমিকা / কাব্যের পাত্রগণ [4] + উপহার ii + ১৯৬

O [এক টাকা।]

P উপহার। শ্রীমতী হে———,

১

হৃদয়ের বনে বনে সূর্য্যমুখী শত শত
ওই মুখ পানে চেয়ে ফুটিয়া উঠেছে যত।
বেঁচে থাকে বেঁচে থাক্‌, শুকায় শুকায়ে যাক্‌,
ওই মুখ পানে তারা চাহিয়া থাকিতে চায়,

বেলা অবসান হবে, মুদিয়া আসিবে যবে
ওই মুখ চেয়ে যেন নীরবে ঝরিয়া যায়!

২

জীবন-সমুদ্রে তব জীবন তটিনী মোর
মিশায়েছি একেবারে আনন্দে হইয়ে ভোর;
সন্ধ্যার বাতাস লাগি ঊর্মি যত উঠে জাগি,
অথবা তরঙ্গ উঠে ঝটিকায় আকুলিয়া,
জানে বা না জানে কেউ, জীবনের প্রতি ঢেউ
মিশিবে—বিরাম পাবে—তোমার চরণে গিয়া।

৩

হয়ত জান না, দেবি, অদৃশ্য বাঁধন দিয়া
নিয়মিত পথে এক ফিরাইছ মোর হিয়া।
গেছি দূরে, গেছি কাছে, সেই আকর্ষণ আছে,
পথভ্রষ্ট হইনাক' তাহারি অটল বলে,
নহিলে হৃদয় মম ছিন্ন ধূমকেতু সম
দিশাহারা হইত সে অনন্ত আকাশ তলে!

৪

আজ সাগরের তীরে দাঁড়ায়ে তোমার কাছে;
পর পারে মেঘাচ্ছন্ন অন্ধকার দেশ আছে;
দিবস ফুরাবে যবে সে দেশে যাইতে হবে,
এ পারে ফেলিয়া যাব আমার তপন শশি,
ফুরাইবে গীত গান, অবসাদে ম্রিয়মান, [য]
সুখ শান্তি অবসান কাঁদিব আঁধারে বসি!

৫

স্নেহের অরুণালোকে খুলিয়া হৃদয় প্রাণ,
এ পাবে দাঁড়ায়ে, দেবি, গাহিনু যে শেষ গান,
তোমারি মনের ছায় সে গান আশ্রয় চায়,
একটি নয়ন জল তাহারে করিও দান।
আজিকে বিদায় তবে, আবার কি দেখা হবে,
পাইয়া স্নেহের আলো হৃদয় গাহিবে গান?

Q ভূমিকা। এই কাব্যটিকে কেহ যেন নাটক মনে না করেন। নাটক ফুলের গাছ। তাহাতে ফুল ফুটে বটে, কিন্তু সেই সঙ্গে মূল, কাণ্ড, শাখা, পত্র, এমন কি কাঁটাটি পর্য্যন্ত থাকা চাই। বর্ত্তমান কাব্যটি ফুলের মালা, ইহাতে কেবল ফুলগুলি মাত্র সংগ্রহ করা হইয়াছে। বলা বাহুল্য, যে, দৃষ্টান্ত স্বরূপেই ফুলের উল্লেখ করা হইল।

R *

S কত দিন একসাথে ছিনু ঘুম ঘোরে (১৮); নাচ্ শ্যামা, তালে তালে (২০); বিপাশার তীরে ভ্রমিবারে যাই (৩৫); প্রতিদিন যাই সেই পথ দিয়া (৩৬); প্রতিদিন দেখি তারে, কেন না দেখিনু আজি (৩৭); কাল যবে দেখা হোল পথে যেতে যেতে চলি (৩৮); সত্য কি তাহারে ভালবাসি (৩৯); মোর এ যে ভালবাসা রূপ-মোহ এ কি (৩৯); দু জনে মিলিয়া যদি ভ্রমিগো বিপাশা-পারে (৪০); শুনেছি—শুনেছি কি নাম তাহার (৪০); বউ! কথা কও (৪২); খেলা কর্—খেলা কর্ (৪৮); আঁধার শাখা উজল করি (৫০); নীরব রজনী দেখ মগ্ন জোছনায় (৫৭); সখি, ভাবনা কাহারে বলে (৬৯); কাছে তার যাই যদি কত যেন পায় নিধি (৭২); যে ভাল বাসুক্—সে ভাল বাসুক্ (৮৪); কি হোল আমার? বুঝিবা সজনি (৮৬); কে তুমি গো খুলিয়াছ স্বর্গের দুয়ার (৯৫); [কিছুইত হোল না (৯৬);] এস মন, এস, তোমাতে আমাতে (১০৮); বুঝেছি বুঝেছি সখা, ভেঙ্গেছে প্রণয় (১৪৬); সখিলো, শোন্ লো তোরা শোন (১৫১); তুই রে বসন্ত সমীরণ (১৬০); বায়ু! বায়ু! কি দেখিতে আসিয়াছ হেথা (১৯৩)।

T ভূমিকার নিচে 'কাব্যের পাত্রগণ'-এর পরিচয় [3]; উপহার কোন কোন বইতে বেগনি কালিতে ছাপা। গ্রন্থের শেষ পৃষ্ঠায় বাল্মীকি যন্ত্রের মুদ্রকের নাম ও ঠিকানা মুদ্রিত।

1 2 3 4

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896)

"কৈশোরক" পর্যায়ে এই গ্রন্থের কোন কোন অংশ শিরোনাম যুক্ত হয়ে স্বতন্ত্র কবিতার মর্যাদা পেয়েছে: সূর্য্যমুখী ফুল সখি আমি ভালবাসি বড়···তাই দিয়ে বিরচিবি কণ্ঠহার। (৫-৬)=বাসকসজ্জা; নাচ্ শ্যামা, তালে তালে···নাচ্ শ্যামা তালে গেঁথে গেঁথে তালে। (২০-২৩)=শ্যামা; মৃদু হাসি হাসি কত কহে কথা···এমন মোহিনী মেয়ে! (২৫) =চাঞ্চল্য; বিপাশার তীরে ভ্রমিবারে যাই···তরল চপল জ্যোতি। (৩৫-৩৬)=প্রথম দর্শন; প্রতিদিন যাই সেই পথ দিয়া···মুগধ নয়নে মোর। (৩৬-৩৭)=মোহ; কাল যবে দেখা হোল পথে যেতে যেতে চলি···"মোরে হেরে আঁখি তার কেন গো পড়িল ঢলি?" (৩৮-৩৯)= আন্দোলন; শুনেছি—শুনেছি কি নাম তাহার···নলিনী যাহার নাম! (৪০-৪১)= উল্লাস; আঁধার শাখা উজল করি···যায় না তোরে বাখানি! (৫০-৫১)=একাকিনী;

শুধু যদি বলি সখি ভাল বাসি তায়…প্রকাশিতে নারে তাহা মানুষের ভাষা। (৬১) = ভাবাবেগ ; পূর্ণিমা-রূপিণী বালা ! কোথা যাও, কোথা যাও !…ঘুমময় জাগরণে করিব রজনী ভোর ! (৬৩-৬৫) = উচ্ছ্বাস ; সখি, ভাবনা কাহারে বলে ?…সকলে মিলিয়া গাহিব মোরা ! (৬৯-৭১) = সমস্যা ; কাছে তার যাই যদি…প্রেম বরিষার স্রোতে লাজ তবু টুটেনা ! (৭২) = লাজময়ী ; কি হোল আমার ? বুঝিবা সজনি…কোথায় হারিয়েছি ! (৮৬-৮৭) = হারা হৃদয়ের গান ; কিছুইত হোল না !…কিছু না ছুঁইতে পাই, ছায়া সব ছায়া ! (৯৬-৯৭) = ছায়া ; এস মন, এস, তোমাতে আমাতে…ফেলিতে দুখের শ্বাস ! (১০৮-০৯) = বুঝা-পড়া ; সখিলো, দুরন্ত হৃদয়ের সাথে…স্বজনি, বল্ কি করি ? (১১০) = বিদ্রোহী ; জীবন নিশীথ মোর ও রবি কিরণে তোর…নহিলে জগতে মোর কাঁদিত আঁধার রাশি ; —(১১৪-১৫) = আত্ম-সমর্পণ ; যার কেহ নাই তার সব আছে…কিছু তার নাহি থাকে ! (১৩২-৩৩) = বৈরাগ্যমেবাভয়ং ; আদর করিয়া কেন না পাই আদর ?…একটু ভালবাসিও— আর কিছু নয় !" (১৩৬-৩৮) = অভাগিনী ; কোরেছে দারুণ ঝড় বজ্রদন্ত কড়মড়…তলায়ে তলায়ে যাই পাতালের পথ ; (১৪১-৪৩) = নৈরাশ্য ; আমি কভু চাইনি এ মন…কি করিব, বল্ তাহা মোরে ! (১৫২-৫৩) = অবজ্ঞা ; কেমন ? এখন তোর ঘুচেছে ত ভ্রম ?…ছিছিরে কোথায় গিয়ে ঢাকিবি সরম ? (১৫৪) = জাগরণ ; তুই রে বসন্ত সমীরণ, কেনরে করিস্ হায় হায় ! (১৬০-৬২) = বসন্ত সমীর ; সে জন চলিয়া গেল কেন ?…গলাতে কি নারিব এখন ? (১৬৬-৬৭) = সংশয় ; আজ তার সাথে দেখা হ'ল…শুধু কথা না কহিয়া, ফিরায়ে নয়ন ! (১৭২-৭৩) = প্রত্যাখ্যান ; ভাল ক'রে সাজায়ে দে মোরে।…এ মুখ সাজায়ে দেলো তবে ! (১৭৬-৭৭) = সায়াহ্নে ; শ্রান্ত এ জীবনে মোর আসুক্ নিশীথ কাল…সেই ঘুম ঘুমাইব—আর কোন নাই আশা ! (১৭৮-৭৯) = বিশ্রাম ; বড় সাধ গেছে মনে ভাল বাসিবারে…বালুকার পরে গড়া খেলা-রাজধানী ! (১৮০-৮১) = খেলা-ভঙ্গ ; বায়ু ! বায়ু ! কি দেখিতে আসিয়াছ হেথা ?…প্রভাত পবন ! (১৯৩-৯৫) = শেষ।

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', অচলিত সংগ্রহ, প্রথম খণ্ড (1940), পৃ ১১৭-২৭১

005 রুদ্রচণ্ড

১A রুদ্রচণ্ড। / [DR] / (নাটিকা) / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / [DR] / কলিকাতা / বা ল্মী কি য ন্ত্রে / শ্রীকালীকিঙ্কর চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত ও প্রকাশিত। / শকাব্দা ১৮০৩।

BC [ঠিকানা] 55 আমহার্স্ট স্ট্রিট, কলিকাতা। [BLC : 40 গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা।]

G [25 জুন 1881]

H [1000]

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 22×37 এম্

K পাইকা। দৃশ্য-সংখ্যাশব্দ গ্রেট।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম। – × / × – তৎসম ক্রমশব্দে দৃশ্য-সংখ্যা। – পত্রাঙ্ক ইংলিশ।

M ফোঁড় সেলাই তিন।

N আখ্যাপত্র, উপহার [4]+৫৩

O [আট আনা।]

P [রুল দিয়ে ঘেরা আয়তক্ষেত্রের চার কোণে F, তার মধ্যে]

উপহার। ভাই জ্যোতিদাদা

যাহা দিতে আসিয়াছি কিছুই তা' নহে ভাই !
কোথাও পাইনে খুঁজে যা' তোমারে দিতে চাই !
আগ্রহে অধীর হ'য়ে, ক্ষুদ্র উপহার ল'য়ে
যে উচ্ছ্বাসে আসিতেছি ছুটিয়া তোমারি পাশ,
দেখাতে পারিলে তাহা পূরিত সকল আশ।
ছেলেবেলা হ'তে, ভাই, ধরিয়া আমারি হাত
অনুক্ষণ তুমি মোরে রাখিয়াছ সাথে সাথ।
তোমার স্নেহের ছায়ে কত না যতন কোরে
কঠোর সংসার হ'তে আবরি রেখেছ মোরে।
সে স্নেহ-আশ্রয় ত্যজি যেতে হবে পরবাসে
তাই বিদায়ের আগে এসেছি তোমার পাশে।
যতখানি ভালোবাসি, তার মত কিছু নাই,
তবু যাহা সাধ্য ছিল যতনে এনেছি তাই !

R ক্রোমো আর্ট পেপারে সবুজ রঙের ভূমির ওপর গাঢ় সবুজে আখ্যাপত্রের অনুরূপ বিন্যাস। চার ধার DB দিয়ে ঘেরা।

S বসন্ত-প্রভাতে এক মালতীর ফুল (১৬) ; তরুতলে ছিন্ন-বৃন্ত মালতীর ফুল (১৭ ও ৩৪)।

T গ্রন্থের শেষ পৃষ্ঠায় বাল্মীকি যন্ত্রের মুদ্রকের নাম ও ঠিকানা মুদ্রিত।

U প্রথম দৃশ্য (১), দ্বিতীয় দৃশ্য (৩) ; তৃতীয় দৃশ্য (১২) ; চতুর্থ দৃশ্য (২১) ; পঞ্চম দৃশ্য (২৪) ;

ষষ্ঠ দৃশ্য (২৭) ; সপ্তম দৃশ্য (২৯) ; অষ্টম দৃশ্য (৩৪) ; নবম দৃশ্য (৩৭) ; দশম দৃশ্য (৪০) ; একাদশ দৃশ্য (৪২) ; দ্বাদশ দৃশ্য (৪৪) ; ত্রয়োদশ দৃশ্য (৪৮) ; চতুর্দ্দশ দৃশ্য (৫১) ।

1 2 3 4

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896)

"কৈশোরক" পর্যায়ে এই গ্রন্থের কোন কোন অংশ শিরোনাম যুক্ত হয়ে স্বতন্ত্র কবিতার মর্যাদা পেয়েছে : বসন্ত-প্রভাতে এক মালতীর ফুল…আজিকে হরষ একি রে ! (১৪-১৫)= আরম্ভে; তরুতলে ছিন্ন-বৃন্ত মালতীর ফুল…ধীরে ধীরে হল অবসান (১৭)=অবসানে।

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', অচলিত সংগ্রহ. প্রথম খণ্ড (1940), পৃ ২৭৩-৩১৪

006 য়ুরোপ-প্রবাসীর পত্র

১A য়ুরোপ-প্রবাসীর / পত্র। / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত / [DR] / শ্রীসারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায় / কর্ত্তৃক প্রকাশিত / [D] / কলিকাতা / বাল্মীকি যন্ত্রে / শ্রীকালীকিঙ্কর চক্রবর্ত্তী কর্ত্তৃক মুদ্রিত। / শকাব্দা ১৮০৩।

B (ঠিকানা) [6 দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা।]

C (ঠিকানা) 40 গুরুপ্রসাদ চৌধুরীর লেন, কলিকাতা।

G [25 অক্টোবর 1881]

H [2000]

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 19×34 এম্

K স্মল পাইকা। পত্রসংখ্যা চতুর্থ পত্র পর্যন্ত গ্রেট, তারপর পাইকা।

L পত্রাঙ্ক - গ্রন্থনাম।— × / × —তৎসম ক্রমশব্দে পত্রসংখ্যা।—পত্রাঙ্ক ইংলিশ।

M *

N আখ্যাপত্র, উপহার [4]+ভূমিকা ii+[২৭৪] ২৬৪ পৃষ্ঠার পর ভুলক্রমে আবার ২৪৭-৫৬ পত্রাঙ্ক ছাপা হয়েছে।

O [এক টাকা আট আনা।]

P [রুল দিয়ে ঘেরা আয়তক্ষেত্রের চার কোণে F, তার মধ্যে]

উপহার। ভাই জ্যোতিদাদা, ইংলণ্ডে যাঁহাকে সর্ব্বাপেক্ষা অধিক মনে পড়িত, তাঁহারই হস্তে এই পুস্তকটি সমর্পণ করিলাম। স্নেহভাজন রবি।

Q ভূমিকা। বন্ধুদের দ্বারা অনুরুদ্ধ হইয়া এই পত্রগুলি প্রকাশ করিলাম। প্রকাশ করিতে আপত্তি ছিল,—কারণ, কয়েকটি ছাড়া বাকী পত্রগুলি ভারতীর উদ্দেশে লিখিত হয় নাই, সুতরাং সে সমুদয়ে যথেষ্ট সাবধানের সহিত মত প্রকাশ করা যায় নাই, বিদেশীয় সমাজ প্রথম দেখিয়াই যাহা মনে হইয়াছে তাহাই ব্যক্ত করা গিয়াছে। কিন্তু ইহাতে, আর কোন উপকার হউক বা না হউক, একজন বাঙ্গালী ইংলণ্ডে গেলে কিরূপে তাহার মত গঠিত ও পরিবর্ত্তিত হয় তাহার একটা ইতিহাস পাওয়া যায়।

আমার মতে যে ভাষায় চিঠি লেখা উচিত সেই ভাষাতেই লেখা হইয়াছে। আত্মীয় স্বজনদের সহিত মুখামুখী এক প্রকার ভাষায় কথা কহা ও তাঁহারা চোখের আড়াল হইবামাত্র আর এক প্রকার ভাষায় কথা কহা কেমন অসঙ্গত বলিয়া বোধ হয়।

পূজনীয় ভারতীর সম্পাদক মহাশয় আমার পত্রের উত্তরে তাঁহার যে সকল অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন তাহাও পুস্তকে নিবিষ্ট হইল। সকল বিষয়েরই দুই পক্ষ আছে। উভয় পক্ষই পাঠকদের দেখা আবশ্যক।

এই পুস্তক ছাপা হইবার সময় নানা কারণে আমি কোন মতেই নিজে তদারক করিতে পারি নাই, এই নিমিত্ত ইহাতে ভুল [য] আছে বলিয়া সন্দেহ হইতেছে। এই অপরিহার্য্য ত্রুটি পাঠকেরা মার্জ্জনা করিবেন। গ্রন্থকার।

R *

T উপহার বেগনি কালিতে ছাপা। গ্রন্থের শেষ পৃষ্ঠায় বাল্মীকি যন্ত্রের মুদ্রকের নাম ঠিকানা মুদ্রিত।

U প্রথম পত্র (১), দ্বিতীয় পত্র (২৬), তৃতীয় পত্র (৩৬), চতুর্থ পত্র (৫২), পঞ্চম পত্র (৬৩), ষষ্ঠ পত্র (১০৯), সপ্তম পত্র (১৪২), অষ্টম পত্র (১৬৮), নবম পত্র (১৮৪), দশম পত্র (২১৮), একাদশ পত্র (২৩৪), দ্বাদশ পত্র (২৪৭), ত্রয়োদশ পত্র (২৬০)।

1 2 3 4

দ্র 'রবীন্দ্র গ্রন্থাবলী' (1904), পৃ ১১৭২-১২৯০

দ্র 'পাশ্চাত্য ভ্রমণ' (1936), পৃ ১-৮০

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', প্রথম খণ্ড (1939), পৃ ৫২৯-৮৪

007 সন্ধ্যাসঙ্গীত

১A সন্ধ্যা সঙ্গীত। / [DR] / শ্রী রবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / [D] / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী কর্ত্তৃক / মুদ্রিত ও প্রকাশিত। / সন ১২৮৮। / মূল্য ॥৹ আনা।

G [05 জুলাই 1882]

H [1000]

I হোয়াইট ওভ্ ডিমাই 8

J 23 × 40 এম্

K ইংলিশ। কবিতানাম গ্রেট।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম। – × / × – কবিতানাম। – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, বিজ্ঞাপন, সূচিপত্র [6] + উপহার [প্রবেশক কবিতা] [5] + ১৩২ + উপহার [3]।

P "উপহার" [অয়ি সন্ধে] প্রবেশক-কবিতা ; উৎসর্গ নয়। গ্রন্থ-শেষের "উপহার"ও [ভুলে গেছি, কবে তুমি] উৎসর্গ নয়। দুটি কবিতাই সূচিতে অনুপস্থিত।

Q বিজ্ঞাপন। আমার রচিত কবিতার মধ্যে যেগুলি সন্ধ্যা-সঙ্গীত নামে উক্ত হইতে পারে, সেই গুলিই এই পুস্তকে প্রকাশিত হইল। ইহার অধিকাংশ কবিতাই গত দুই বৎসরের মধ্যে রচিত হইয়াছে, কেবল "বিষ ও সুধা" নামক দীর্ঘ কবিতাটি বাল্যকালের রচনা। গ্রন্থকার।

R *

T "বিষ ও সুধা" কবিতার আগে উড়ো পত্র (১০৯ ১০)।

U [উপহার : অয়ি সন্ধ্যে 5] গান আরম্ভ (১) ; সন্ধ্যা (৮), তারকার আত্মহত্যা (১৩) ; আশার নৈরাশ্য (১৭) ; পরিত্যক্ত (২০), সুখের বিলাপ (২৩) ; হৃদয়ের গীতিধ্বনি (২৮) ; দুঃখ আবাহন (৩২) ; শান্তি-গীত (৩৯) ; অসহ্য ভালবাসা (৪৩) ; হলাহল (৪৬) ; পাষাণী (৪৯), অনুগ্রহ (৫৫) ; আবার ? (৬২), দুদিন (৬৮) ; পরাজয় সঙ্গীত (৭৩) ; শিশির (৮০) ; সংগ্রাম সঙ্গীত (৮৪) ; আমি-হারা (৮৯), কেন গান গাই (৯৬) ; কেন গান শুনাই (১০০) ; গান সমাপন (১০৩) ; বিষ ও সুধা (১১১) ; [উপহার : ভুলে গেছি, কবে তুমি 3]।

1 2 3 4

২A সন্ধ্যা সঙ্গীত। / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / দ্বিতীয় সংস্করণ। / [D] / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত। / ৫৫ নং অপর চিৎপুর রোড। / [D] / জ্যৈষ্ঠ ১৮১৪ শক। / মূল্য ।।০ আনা মাত্র।

G (মে-জুন 1892)

H

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 19 × 33 এম্

K স্মল পাইকা। কবিতানাম গ্রেট।

L পত্রাঙ্ক - গ্রন্থনাম। – × / × – কবিতানাম। – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, সূচিপত্র [4] + ১০৫ + উপহার [3]

R *

T গ্রন্থ-সূচনায় ও -শেষে দুই "উপহার" কবিতাই মূল সূচির অন্তর্গত, কিন্তু শেষ কবিতায় পত্রাঙ্ক দেওয়া নেই।

U বর্জন : "বিষ ও সুধা"।

3 4

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896), পৃ ৩৭-৫৬

U বর্জন : "কেন গান গাই" ও "কেন গান শুনাই"। পরিবর্তন : "পাষাণী" "আবার"-এর পরে স্থানান্তরিত।

দ্র 'কাব্য-গ্রন্থ' (1903), নির্বাচিত সংকলন।

৩A সন্ধ্যা সঙ্গীত / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / মূল্য চার আনা

B শ্রীপাঁচকড়ি মিত্র, ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, 22 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।

C শ্রীহরিচরণ মান্না, কান্তিক প্রেস, 20 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।

G [20 ডিসেম্বর 1911]

H [1000]

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22×35 এম্

K স্মল পাইকা। কবিতানাম গ্রেট।

L পত্রাঙ্ক–গ্রন্থনাম– × / × –গ্রন্থনাম–পত্রাঙ্ক স্মল পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2]+সূচিপত্র ii+৬২

R হাল্‌কা সবুজ মেকানিক্যাল প্রিণ্ট মলাটে ওপরে বাঁদিকে গ্রন্থনাম ও নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত নাম হরফে কালোয় ছাপা।

1 3 4

দ্র 'কাব্যগ্রন্থ', প্রথম খণ্ড (1915), পৃ ১-৭৫

U নামান্তর : শেষ "উপহার" হয়েছে "সমাপন"।

দ্র 'চয়নিকা' (1926), নির্বাচিত সংকলন।

৪A সন্ধ্যা সঙ্গীত / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১৭ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

B রায়সাহেব শ্রীজগদানন্দ রায়।

C রায়সাহেব শ্রীজগদানন্দ রায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ভাদ্র ১৩৩৪। পুনর্মুদ্রণ

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22×36 এম্

K স্মল পাইকা। কবিতানাম গ্রেট।

L পত্রাঙ্ক–গ্রন্থনাম– × / × –গ্রন্থনাম–পত্রাঙ্ক পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2]+সূচি ii+৬২

O চার আনা।

R ধূসর মেকানিক্যাল প্রিণ্ট মলাটে ওপরে বাঁদিকে গ্রন্থনাম, মাঝখানে বি-মোহর ও নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত স্বাক্ষর।

T পরিবর্তন : "ভুদিন" হয়েছে "ভুইদিন"।

1 2 4

দ্র 'সঞ্চয়িতা' (1931), নির্বাচিত সংকলন।

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', প্রথম খণ্ড (1936), পৃ ১-৪৬

Q কবির মন্তব্য / এই গ্রন্থাবলীতে আমার কাব্য-রচনার প্রথম পরিচয় নিয়ে দেখা দিয়েছে সন্ধ্যাসংগীত। তার পূর্বেও অনেক লেখা লিখেছি কিন্তু সেগুলিকে লুপ্ত করবার চেষ্টা করেছি অনাদরে। হাতের অক্ষর পাকাবার যে খাতা ছিল বাল্যকালে সেগুলিকে যেমন অনাদরে রাখি নি, এও তেমনি। সেগুলি ছিল যাকে বলে কপিবুক, বাইরে থেকে মডেল লেখা নকল করবার সাধনায়। কাঁচা বয়সে পরের লেখা মকশ করে আমরা অক্ষর ছেঁদে থাকি বটে কিন্তু ভিতরে ভিতরে তার মধ্যেও নিজের স্বাভাবিক ছাঁদ একটা প্রকাশ হতে থাকে। অবশেষে পরিণতিক্রমে সেইটেই বাইরের নকল খোলসটাকে বিদীর্ণ করে স্বরূপকে প্রকাশ করে দেয়। প্রথম বয়সের কবিতাগুলি সেই রকম কপিবুকের কবিতা।

সেই কপিবুক যুগের চৌকাঠ পেরিয়েই প্রথম দেখা দিল সন্ধ্যাসংগীত। তাকে আমের বোলের সঙ্গে তুলনা করব না, করব কচি আমের গুটির সঙ্গে, অর্থাৎ তাতে তার আপন চেহারাটা সবে দেখা দিয়েছে শ্যামল রঙে। রস ধরে নি, তাই তার দাম কম। কিন্তু সেই কবিতাই প্রথম স্বকীয় রূপ দেখিয়ে আমাকে আনন্দ দিয়েছিল। অতএব সন্ধ্যাসংগীতেই আমার কাব্যের প্রথম পরিচয়। সে উৎকৃষ্ট নয় কিন্তু আমারই বটে। সে সময়কার অন্য সমস্ত কবিতা থেকে আপন ছন্দের বিশেষ সাজ পরে এসেছিল। সে সাজ বাজারে চলিত ছিল না।

U বর্জন : "সন্ধ্যা" (ব্যথা বড় বাজিয়াছে প্রাণে)।

008 কাল-মৃগয়া

১A [6.6×10.4 সি এম্ F দিয়ে ঘেরা ক্ষেত্রের মধ্যে] কাল-মৃগয়া। / [DR] / (গীতি-নাট্য।) / বিদ্বজ্জন সমাগম উপলক্ষে / অভিনয়ার্থ / রচিত। / [D] / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী কর্ত্তৃক মুদ্রিত ও / প্রকাশিত। / অগ্রহায়ণ ১২৮৯। / [আয়তক্ষেত্রের বাইরে] মূল্য চারি আনা।

G [05 ডিসেম্বর 1882]

H [250]

I হোয়াইট ওভ্ হাফ্-ক্রাউন 16

J 16×24 এম্

K স্মল পাইকা। দৃশ্য-সংখ্যা গ্রেট, নাট্য-নির্দেশ ইংলিশ ও রাগ-তাল পাইকা।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম। – × / × – গীতিনাট্য। – পত্রাঙ্ক স্মল পাইকা।

M গোছ পাতা। ফোঁড় সেলাই।

N ৩৮

R প্রচ্ছদ আখ্যাপত্ররূপে ব্যবহৃত। হাল্‌কা হল্‌দে রঙের ক্রোমো-আর্ট কাগজে কালোয় ছাপা।

S বেলা যে চলে যায়, ডুবিল রবি (১) ; ও ভাই, দেখে যা (২) ; ও, দেখ্‌বিরে ভাই আয়রে ছুটে (২) ; কাল সকালে উঠ্‌ব মোরা (৩) ; সমুখেতে বহিছে তটিনী (৫) ; ফুলে ফুলে ঢলে ঢলে বহে কিবা মৃদুবায় (৬) ; নেহার' লো সহচরি (৬) ; জল এনে দেরে বাছা তৃষিত কাতরে (৯) ; না না কাজ নাই, যেওনা বাছা (৯) ; আমা তরে অকারণে ওগো পিতা ভেবোনা (১০) ; সঘন ঘন ছাইল গগন ঘনাইয়া (১১) ; ঝম্‌ ঝম্‌ ঘন ঘনরে বরষে (১২) ; আয় লো সজনি, সবে মিলে (১৩) ; কি ঘোর নিশীথ, নীরব ধরা (১৪) ; মানা না মানিলি, তবুও চলিলি (১৫) ; বনে বনে সবে মিলে চল হো ! চল হো (১৭) ; জয়তি জয় জয় রাজন্‌ বন্দি তোমারে (১৮) ; গহনে গহনে যা'রে তোরা (১৮) ; চল চল ভাই (১৯) ; প্রাণ নিয়ে ত সট্‌কেছিরে (২০) ; ঠাকুর মশয়, দেরী না সয় (২২) ; আঃ বেঁচেছি এখন (২৩) ; কে এল আজি এ ঘোর নিশীথে (২৫) ; না জানি কোথা এলুম, এ যে ঘোর বন্‌ (২৬) ; হায় কি হল ! হায় কি হল (২৭) ; কি করিনু হায় (২৭) , কি দোষ করেছি তোমার (২৮) ; আমার প্রাণ যে ব্যাকুল হয়েছে (৩০) ; বল বল পিতা, কোথা সে গিয়েছে (৩০) , কে জানে কোথা সে (৩১) ; এতক্ষণে বুঝি এলিরে (৩২) ; অজ্ঞানে করহে ক্ষমা, তাত ধরি চরণে (৩২) ; কি বলিলে, কি শুনিলাম, এ কি কভু হয় (৩৩) ; ক্ষমা কর মোরে তাত (৩৪) ; আহা কেমনে বধিল তোরে (৩৫) ; শোক তাপ গেল দূরে (৩৫) ; যাওরে অনন্ত ধামে মোহ মায়া পাশরি (৩৬) ; সকলি ফুরাল' স্বপন-প্রায় (৩৭)।
বেদমন্ত্র 'অন্তরীক্ষোদরঃ' (৮)। শ্লোক : পুত্র ব্যসনজং (৩৪)।

T স্পষ্টতই অনুষ্ঠানপত্রী। গ্রন্থে লেখকের নাম নেই।

U প্রথম দৃশ্য (১) ; দ্বিতীয় দৃশ্য (৫) ; তৃতীয় দৃশ্য (৮) ; চতুর্থ দৃশ্য (১১) ; পঞ্চম দৃশ্য (১৭) ; ষষ্ঠ দৃশ্য (৩০)।

2 3

দ্র 'বাল্মীকি-প্রতিভা' (1886)

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', অচলিত সংগ্রহ, প্রথম খণ্ড (1940), পৃ ৩১৫-৩৮

009 বৌ-ঠাকুরাণীর হাট

১A বৌ-ঠাকুরাণীর হাট। / উপন্যাস। / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর। [য] / প্রণীত। / [D] / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী দ্বারা / মুদ্রিত ও প্রকাশিত। / [D] / পৌষ ১৮০৪ শক।

B (ঠিকানা) [6 দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা।]

C (ঠিকানা) [55 আপার চিৎপুর রোড, কলিকাতা।]

G [11 জানুয়ারি 1883]

H [1000]

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 18 × 33 এম্

K স্মল পাইকা। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম। – × / × – তৎসম ক্রমশব্দে পরিচ্ছেদ-সংখ্যা। – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, উপহার [4] + ৩০৫

O [এক টাকা চার আনা।]

P উপহার। শ্রীমতী সৌদামিনী দেবী শ্রীচরণেষু।

দিদি,

তোমার স্নেহের কোলে আমার স্নেহের ধন
করিনু অর্পণ।
বিমল প্রশান্ত মুখে ফুটিবে স্নেহের হাস
দেখিবারে আশ।
সুদূর প্রবাস হতে আজি বহু দিন পরে
আসিতেছ ঘরে,
দুয়ারে দাঁড়ায়ে আছি উপহার ল'য়ে করে
সমর্পণ তরে।
কাছে থাকি দূরে থাকি, দেখ আর নাই দেখ,
শুধু স্নেহ দাও,
স্নেহ ক'রে ভাল থাক,' স্নেহ দিতে ভাল বাস'
কিছু নাহি চাও!

দূরে থেকে কাছে থাক,'　　আপনি হৃদয় তাহা
জানিবারে পায় !
সুদূর প্রবাস হ'তে　　স্নেহের বাতাস এসে
লাগে যেন গায় !
এত আছে, এত দাও,　　কথাটি নাহিক কও,
— স্নেহ-পারাবার, —
প্রভাত শিশির সম　　নীরবে পরাণে মম
ঝরে স্নেহ ধার !
তব স্নেহ চারি পাশে　　কেবল নীরবে ভাসে
সৌরভের প্রায়,
নীরবে বিমল হাসি,　　উষার কিরণ রাশি
প্রাণেরে জাগায় !

R *

S বঁধুয়া অসময়ে কেন হে প্রকাশ (৪১), আজ তোমারে দেখ্‌তে এলেম অনেক দিনের পরে (৫৯), মলিন মুখে ফুটুক হাসি, জুড়াক দুনয়ন (৬৫), সারা বরষ দেখিনে মা, মা তুই আমার কেমন ধারা (৮৫), ওরে, যেতে হবে, আর দেরী নাই (১২৭); আমার যাবার সময় হল, আমায় কেন রাখিস্ ধ'রে (১২৭), ভিক্ষা যদি দেবে রাই (১৮৪); মা আমি তোর কি করেছি (২০৫), আমিই শুধু রইনু বাকী (২২৮), মরিচি সেধে সেধে (২৬০), আর কি আমি ছাড়্‌ব তোরে (২৭১), আজ আমার আনন্দ দেখে কে (২৭৩)।

T পরিচ্ছেদ ৪০ + উপসংহার।

1 3

২A বৌ-ঠাকুরাণীর হাট ।/(রাজা বসন্ত রায়)/উপন্যাস।/[DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত।/দ্বিতীয় সংস্করণ।/[D]/কলিকাতা/শ্রীশরৎকুমার লাহিড়ী এণ্ড কোং/পুস্তক প্রকাশক ও পুস্তক বিক্রেতা। / ৫৪ নং কলেজষ্ট্রীট ।। /. [D] / ১৮৮৭

C শ্রীবৃন্দাবনচন্দ্র সরকার, ইণ্ডিয়া প্রেস, 100 বহুবাজার ষ্ট্রিট, কলিকাতা।

G [18 এপ্রিল 1887]

H [1000]

I হোয়াইট ওভ্‌ ডিমাই 12

J 20×33 এম্

K স্মল পাইকা। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ।

L পত্রাঙ্ক—গ্রন্থনাম। - × / × —তৎসম ক্রমশব্দে পরিচ্ছেদ-সংখ্যা।—পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র [2]+উৎসর্গপত্র ii+৩০৫

O [এক টাকা আট আনা।]

R *

1 3 4

৩A বৌ-ঠাকুরাণীর হাট। / (রাজা বসন্ত রায়) / উপন্যাস। / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত। / তৃতীয় সংস্করণ। / [D] / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত ও / প্রকাশিত। / ৫৫নং চিৎপুর রোড। / ১২ই ভাদ্র ১৩০১ সাল। / [D] / মূল্য ১।০

G (27 আগস্ট 1894)

H

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 18×33 এম্

K স্মল পাইকা। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ।

L পত্রাঙ্ক—গ্রন্থনাম।— × / × —তৎসম ক্রমশব্দে পরিচ্ছেদ-সংখ্যা।—পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র [2]+উৎসর্গপত্র ii+৩০৫

R *

2 4

দ্র 'রবীন্দ্র গ্রন্থাবলী' (1904), পৃ ৫০৪-৬১৬

T পরিচ্ছেদ ৩৭। "উপসংহার" মূল গ্রন্থের অন্তর্ভূক্ত।

দ্র 'প্রায়শ্চিত্ত' (1909)

৪A বৌ-ঠাকুরাণীর হাট / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / মূল্য বারো আনা

B শ্রীচারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, 22 কর্নওয়ালিস স্ট্রিট, কলিকাতা।

C শ্রীহরিচরণ মান্না, কান্তিক প্রেস, 20 কর্নওয়ালিস স্ট্রিট, কলিকাতা।

G [05 মার্চ 1010]

H [1000]

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22 × 37 এম্

K স্মল পাইকা। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – গ্রন্থনাম – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র [2] + ১৯৮

P উৎসর্গ বর্জিত।

R *

1 4

৫A বৌ-ঠাকুরাণীর হাট / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / মূল্য দেড় টাকা।

B শ্রীঅপূর্বকৃষ্ণ বসু, ইণ্ডিয়ান প্রেস লিমিটেড, এলাহাবাদ।

C শ্রীশরৎশশী রায়, নিউ আর্টিষ্টিক প্রেস, 1A রামকিষণ দাসের লেন, কলিকাতা।

G [10 ফেব্রুয়ারি 1920]

H [1000]

I অ্যান্টিক ওভ্ ক্রাউন 16

J 22 × 36 এম্

K স্মল পাইকা। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – গ্রন্থনাম – পত্রাঙ্ক স্মল পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2] + ১৯৮

R শ্যাওলা সবুজ মেইজ কাগজে দৃষ্টিরেখায় গ্রন্থনাম, তার নিচে ঔপন্যাসিকের শ্রী-যুক্ত নাম হরফে কালোয় ছাপা।

3 4

দ্র 'পরিত্রাণ' (1929)

৬A বৌ-ঠাকুরাণীর হাট / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১০ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

B রায়সাহেব শ্রীজগদানন্দ রায়।

C রায়সাহেব শ্রীজগদানন্দ রায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ১৩৩৯ শ্রাবণ। পুনর্মুদ্রণ

H

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22×37 এম্

K স্মল পাইকা। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – গ্রন্থনাম – পত্রাঙ্ক পাইকা।

M ভুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2]+১৯৮

O দেড় টাকা।

R নস্যি রঙ মেইজ্ কাগজের মলাটে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত স্বাক্ষর ও পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর কালোয় ছাপা।

2 4

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', প্রথম খণ্ড (1939), পৃ ৩৭১-৫২০

Q সূচনা / অন্তর্বিষয়ী ভাবের কবিত্ব থেকে বহির্বিষয়ী কল্পনালোকে এক সময়ে মন যে প্রবেশ করলে, ইতস্তত ঘুরে বেড়াতে লাগল, এ বোধ হয় কৌতূহল থেকে।

প্রাচীর ঘেরা মন বেরিয়ে পড়ল বাইরে, তখন সংসারের বিচিত্র পথে তার যাতায়াত আরম্ভ হয়েছে। এই সময়টাতে তার লেখনী গল্পরাজ্যে নূতন নূতন ছবি, নূতন অভিজ্ঞতা খুঁজতে চাইলে। তারি প্রথম প্রয়াস দেখা দিল বৌঠাকুরানীর হাট গল্পে — একটা রোমান্টিক ভূমিকায় মানবচরিত্র নিয়ে খেলার ব্যাপারে, সেও অল্প বয়সেরই খেলা। চরিত্রগুলির মধ্যে যেটুকু জীবনের লক্ষণ প্রকাশ পেয়েছে সেটা পুতুলের ধর্ম ছাড়িয়ে উঠতে পারেনি। তারা আপন চারিত্রবলে অনিবার্য পরিণামে চালিত নয়, তারা সাজানো জিনিস একটা নির্দিষ্ট কাঠামোর মধ্যে। আজো হয় তো এই গল্পটার দিকে ফিরে চাওয়া যেতে পারে। এ যেন অশিক্ষিত আঙুলের আঁকা ছবি; সুনিশ্চিত মনের পাকা হাতের চিহ্ন পড়েনি তাতে। কিন্তু আর্টের খেলাঘরে ছেলেমানুষিরও একটা মূল্য আছে। বুদ্ধির বাধাহীন পথে তার খেয়াল যা তা কাণ্ড করতে বসে, তার থেকে প্রাথমিক মনের একটা কিছু কারিগরি বেরিয়ে পড়ে।

সজীবতার স্বতশ্চাঞ্চল্য মাঝে মাঝে এই লেখার মধ্যে দেখা দিয়ে থাকবে তার একটা প্রমাণ এই যে, এই গল্প বেরোবার পরে বঙ্কিমের কাছ থেকে একটি অযাচিত প্রশংসাপত্র পেয়েছিলুম, সেটি ইংরেজি ভাষায় লেখা। সে পত্রটি হারিয়েছে কোনো বন্ধুর অযত্নকরক্ষেপে। বঙ্কিম এই মত প্রকাশ করেছিলেন যে বইটি যদিও কাঁচা বয়সের প্রথম লেখা তবু এর মধ্যে ক্ষমতার প্রভাব দেখা দিয়েছে—এই বইকে তিনি নিন্দা করেননি। ছেলেমানুষিব ভিতর থেকে আনন্দ পাবার এমন কিছু দেখেছিলেন, যাতে অপরিচিত বালককে হঠাৎ একটা চিঠি লিখতে তাঁকে প্রবৃত্ত করলে। দূরের যে পরিণতি অজানা ছিল সেইটি তাঁর কাছে কিছু আশাব আশ্বাস এনেছিল। তাঁব কাছ থেকে এই উৎসাহবাণী আমার পক্ষে ছিল বহুমূল্য।

এই উপলক্ষ্যে একটা কথা এখানে বলা আবশ্যক। স্বদেশী উদ্দীপনার আবেগে প্রতাপাদিত্যকে এক সময়ে বাংলাদেশের আদর্শ বীরচরিত্ররূপে খাড়া করবার চেষ্টা চলেছিল। এখনো তাব নিবৃত্তি হয়নি। আমি সে সময়ে তাঁর সম্বন্ধে ইতিহাস থেকে যা কিছু তথ্য সংগ্রহ কবেছিলুম তার থেকে প্রমাণ পেয়েছি তিনি অন্যায়কারী অত্যাচারী নিষ্ঠুর লোক দিল্লীশ্বরকে উপেক্ষা করবার মতো অনভিজ্ঞ ঔদ্ধত্য তাঁর ছিল কিন্তু ক্ষমতা ছিল না। সে সময়কার ইতিহাসলেখকদের উপরে পরবর্তী কালেব দেশাভিমানের প্রভাব ছিল না। আমি যে সময়ে এই বই অসংকোচে লিখেছিলুম তখনো তাঁর পূজা প্রচলিত হয়নি।

010 প্রভাত-সঙ্গীত

১A প্রভাত সঙ্গীত। / [F] / শ্রী রবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / [D] / কলিকাতা। / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী দ্বারা / মুদ্রিত ও প্রকাশিত। / [D] / বৈশাখ ১৮০৫ শক।

B [6 দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা।]

G [11 মে 1883]

H [1000]

I অ্যান্টিক ওভ্ ডিমাই 8

J 23 × 40 এম্

K ইংলিশ। কবিতানাম গ্রেট।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম। × / × কবিতানাম। – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, সূচিপত্র / শুদ্ধিপত্র, বিজ্ঞাপন [6]+উৎসর্গ ii+প্রবেশক xi+১২০

O [আট আনা।]

P স্নেহ উপহার। শ্রীমতী ইন্দিরা—প্রাণাধিকাসু।

বাব্‌লা।

আয়রে বাছা কোলে বসে চা' মোর মুখ পানে,
হাসি-খুসী প্রাণ খানি তোর প্রভাত ডেকে আনে।
আমায় দেখে আসিস্ ছুটে, আময়ে বাসিস্ ভালো,
কোথা হ'তে পড়লি প্রাণে তুইরে উষার আলো!
দেখ্‌রে প্রাণে, স্নেহের মত, শাদা শাদা জুঁই ফুটেছে।
দেখরে, আমার গানের সাথে ফুলেব গন্ধ জড়িয়ে গেছে।
গেঁথেছিরে গানের মালা, ভোরের বেলা বনে এসে
মনে বড় সাধ হয়েছে পরাব তোব এলোকেশে!
গানে সাথে ফুলের সাথে মুখখানি মানাবে ভাল,
আয়বে তবে আয়বে মেয়ে দেখ্‌বে চেয়ে রাত পোহালো!
কচি মুখটি ঘিরে দেব ললিত রাগিণী দিয়ে,
বাপেব কাছে মায়েব কাছে দেখিয়ে আস্‌বি ছুটে গিয়ে!
চাঁদনি রাতে বেড়াই ছাতে মুখ খানি তোর মনে পড়ে,
তোর কথাটাই কিলিবিলি মনের মধ্যে নড়ে চড়ে!
হাসি হাসি মুখখানি তোব ভেসে ভেসে বেড়ায় কাছে,
হাসি যেন এগিয়ে এল, মুখটি যেন পিছিয়ে আছে!
কচি প্রাণের আনন্দ তোর, ভাঙ্গা বুকে [য] দে ছড়িয়ে,
ছোট দুটি হাত দিয়ে তোর, গলাটি মোর ধর্ জড়িয়ে!
বিজন প্রাণেব দ্বারে ব'সে করবিরে তুই ছেলেখেলা,
চুপ করে তাই বসে বসে দেখ্‌ব আমি সন্ধেবেলা।
কোথায় আছিস্, সাড়া দেরে, বুকের কাছে আয়রে তবে,
তোর মুখেতে গানগুলি মোর কেমন শোনায় শুন্‌তে হবে!
আমি যেন দাঁড়িয়ে আছি একটা বাব্‌লা গাছের মত,
বড় বড় কাঁটার ভয়ে তফাৎ থাকে লতা যত।
সকাল হলে মনের সুখে ডালে ডালে ডাকে পাখী,
(আমার) কাঁটা ডালে কেউ ডাকে না চুপ কবে তাই দাঁড়িয়ে থাকি!

নেইবা লতা এল কাছে, নেইবা পাখী বস্‌ল শাখে,
যদি আমার বুকের কাছে বাব্‌লা ফুলটি ফুটে থাকে !
বাতাসেতে তুলে তুলে ছড়িয়ে দেয়রে মিষ্ট হাসি,
কাঁটা-জন্ম ভূলে [য] গিয়ে তাই দেখে হরষে ভাসি !
দূর কর ছাই, ঝোঁকের মাথায় বলে ফেল্লেম কত কি যে ?
কথাগুলো ঠেক্‌চে যেন চোখের জলে ভিজে ভিজে !

রবি কাকা।

Q বিজ্ঞাপন । প্রভাত-সঙ্গীত প্রকাশিত হইল । "অভিমানিনী নির্ঝরিণী" নামক কবিতাটি আমার লিখিত নহে। "নির্ঝরের স্বপ্ন-ভঙ্গ" রচিত হইলে পর আমার কোন শ্রদ্ধেয় [য] বন্ধু তাহারই প্রসঙ্গ ক্রমে "অভিমানিনী নির্ঝরিণী" রচনা করেন। উভয় কবিতাই ভারতীতে একত্রে প্রকাশিত হইয়াছিল। অতএব উভয়ের মধ্যে যে একটি আজন্ম-বন্ধন স্থাপিত হইয়াছে, তাহা বিচ্ছিন্ন না করিয়া দুটিকেই একত্রে রক্ষা করিলাম।

"শরতে প্রকৃতি", "শীত," ও গুটিকতক অনুবাদ ব্যতীত প্রভাত সঙ্গীতের আর সমুদয় কবিতা গুলিই সম্প্রতি লিখিত হইয়াছে। গ্রন্থকার।

R *

T প্রতিটি কবিতা নতুন পাতায়। ৮১, ৮৩-৮৬ পৃষ্ঠায় ফোলিওয় দুদিকেই তৃতীয় বন্ধনীর মধ্যে পত্রাঙ্ক মুদ্রিত।

U প্রভাত বিহঙ্গের গান (আহ্বান সঙ্গীত) (।) ; নির্ঝরের স্বপ্নভঙ্গ (১) ; অভিমানিনী নির্ঝরিণী (১৫) ; প্রভাত উৎসব (২৩) ; অনন্ত জীবন (২৮) ; অনন্ত মরণ (৩৭) ; পুনর্মিলন (৪৬) ; প্রতিধ্বনি (৫৫) ; মহাস্বপ্ন (৬৩) ; সৃষ্টি-স্থিতি প্রলয় (৬৬) ; কবি [অনুবাদ : ভিক্টর উগো] (৮১) ; বিসর্জ্জন [—] (৮৩) ; তারা ও আঁখি [—] (৮৪) ; সূর্য্য ও ফুল [—] (৮৫) ; সম্মিলন [— শেলি] (৮৬) ; স্রোত (৯০) ; শরতে প্রকৃতি (৯৫) ; চেয়ে থাকা (১০০) ; শীত (১০৫) ; সাধ (১১১) ; সমাপন (১১৮)।

1 2 3 4

২A প্রভাত-সঙ্গীত। / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / দ্বিতীয় সংস্করণ। / (সংশোধিত ও পরিবর্ত্তিত) / [D] / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত / ও শ্রীগুরুদাস চট্টোপাধ্যায়ের / দ্বারা প্রকাশিত। / [D] / চৈত্র ১৮১৩ শক। / মূল্য ৷৷০ আট আনা।

B (ঠিকানা) [201 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।]

C [কে ডি ও আর কে চক্রবর্তী।]
G [11 এপ্রিল 1892]
H [1000]
I হোয়াইট ওভ্ ডিমাই 12
J 18×33 এম্
K স্মল পাইকা। কবিতানাম গ্রেট।
L পত্রাঙ্ক—গ্রন্থনাম। —× / ×—কবিতানাম।—পত্রাঙ্ক স্মল পাইকা।
M *
N আখ্যাপত্র, উৎসর্গ, সূচি [6]+প্রবেশক কবিতা ıx+৯৬
P স্নেহ-উপহার। শ্রীমতী ইন্দিরা দেবী প্রাণাধিকাসু। কবিতাটি বর্জিত।
Q বিজ্ঞাপন বর্জিত।
R *
U বর্জন : "অভিমানিনী নির্ঝরিণী", "শরতে প্রকৃতি"। পরিবর্তন : "স্রোত" স্থান পাল্টে অনুবাদগুচ্ছের আগে স্থান পেয়েছে।

1 2 3

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896), পৃ ৫৭-৭৭ ও ৪৭১-৭২

দ্র 'কাব্য-গ্রন্থ' (1903), নির্বাচিত সংকলন।

দ্র 'চয়নিকা' (1909), নির্বাচিত সংকলন।

৩A প্রভাত সঙ্গীত / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / মূল্য ছয় আনা

B শ্রীপাঁচকড়ি মিত্র, ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, 22 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।
C শ্রীহরিচরণ মান্না, কান্তিক প্রেস, 20 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।
G [20 ডিসেম্বর 1911]
H [1000]
I হোয়াইট ওভ্ ক্রাউন 16
J 22×35 এম্
K স্মল পাইকা। কবিতানাম গ্রেট।
L পত্রাঙ্ক—গ্রন্থনাম—× / ×—গ্রন্থনাম—পত্রাঙ্ক স্মল পাইকা।
M ভুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র, সূচিপত্র [4]+৮৭

P উৎসর্গ বর্জ্জিত।

R হাল্কা সবুজ মেকানিক্যাল প্রিণ্ট মলাটে ওপরে বাঁদিকে গ্রন্থনাম ও নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত নাম হরফে কালোয় ছাপা।

U বর্জন : "শীত"। পরিবর্তন : "স্রোত" পুনরায় অনুবাদগুচ্ছের পরে স্থানান্তরিত।

1 2 3 4

দ্র 'কাব্যগ্রন্থ', প্রথম খণ্ড (1915), পৃ ৭৭-১৭৯

৪A প্রভাত সঙ্গীত / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী গ্রন্থালয় / ১০নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।

B শ্রীকরুণাবিন্দু বিশ্বাস।

C শ্রীজগদানন্দ রায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ১৩৩২ জ্যৈষ্ঠ। পুনর্মুদ্রণ [13 আগস্ট 1925]

H [1000]

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 27×35 এম্

K স্মল পাইকা। কবিতানাম গ্রেট।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – গ্রন্থনাম – পত্রাঙ্ক – পাইকা।

M ডুবি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র, সূচিপত্র [4]+৮৭

O ছয় আনা।

R স্লেট রঙের মেইজ কাগজের মলাটে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত স্বাক্ষর ও পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর নীলে ছাপা।

1 4

দ্র 'সঞ্চয়িতা' (1931), নির্বাচিত সংকলন।

৫A প্রভাত সঙ্গীত / রবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১০ নং কর্নওআলিস্ স্ট্রীট্, কলিকাতা

B শ্রীকিশোরীমোহন সাঁতরা, বিশ্বভারতী গ্রন্থন-বিভাগ।

C প্রভাতকুমার মুখোপাধ্যায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ১৩৪৫ অগ্রহায়ণ। পুনর্মুদ্রণ [18 জানুয়ারি 1939]

H [1000]

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22×35 এম্

K স্মল পাইকা। কবিতানাম গ্রেট।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – গ্রন্থনাম – পত্রাঙ্ক – পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র, সূচিপত্র [4]+৮৭

O ছয় আনা।

R হলদে মেইজ কাগজের মলাটে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম ও নিচে ডানদিকে কবির স্বাক্ষর এবং পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর লালে ছাপা।

2 4

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', প্রথম খণ্ড (1939), পৃ ৪৭-১০২

কবির ভণিতা / 'কড়ি ও কোমল' রচনার পূর্বে কাব্যের ভাষা আমার কাছে ধরা দেয় নি। কাঁচা বয়সে মনের ভাবগুলো নূতনত্বের আবেগ নিয়ে রূপ ধরতে চাচ্ছে কিন্তু যে উপাদানে তাদেরকে শরীরের বাঁধন দিতে পারত তারই অবস্থা তখন তরল; এইজন্যে ওগুলো হয়েছে ঢেউওয়ালা জলের উপরকার প্রতিবিম্বের মতো আঁকাবাঁকা, ওরা মূর্ত হয়ে ওঠে নি, সুতরাং কাব্যের পদবীতে পৌঁছতে পারে নি। সেইজন্যে আমার মত এই যে, কড়ি ও কোমলের পর থেকেই আমার কাব্য রচনা ভালো মন্দ সব কিছু নিয়ে একটা স্পষ্ট সৃষ্টির ধারা অবলম্বন করেছে।

প্রভাতসংগীতে যে অবস্থায় আমার প্রথম বিকাশোন্মুখ মন অপরিণত ভাবনা নিয়ে অপরিস্ফুট রচনায় প্রবৃত্ত হয়েছিল তার কথা আজো আমার মনে আছে। তার পূর্বে সন্ধ্যা-সংগীতের পর্বে আমার মনে কেবলমাত্র হৃদয়াবেগের গদ্গদভাষী আন্দোলন চলছিল। প্রভাত-সংগীতের ঋতুতে আপনাআপনি দেখা দিতে আরম্ভ করেছে একটা আধটা মননের রূপ, অর্থাৎ ফুল নয় সে, ফসলের পালা, সেও অশিক্ষিত বিনাচাষের জমিতে।

সেই সময়কার কথা মনে পড়ছে যখন কোথা থেকে কতকগুলো মত মনের অন্দরমহলে জেগে উঠে সদরের দরজায় ধাক্কা দিচ্ছিল। ঐগুলো হচ্ছে অনন্ত জীবন, অনন্ত মরণ, প্রতিধ্বনি। অনন্ত জীবন বলতে আমার মনে এই একটা ভাব এসেছিল, বিশ্বজগতে আসা এবং যাওয়া দুটোই থাকারই অন্তর্গত, ঢেউয়ের মতো আলোতে ওঠা এবং অন্ধকারে নামা।

O সাধারণ কাগজের মলাট এক টাকা, বাঁধাই এক টাকা চার আনা। অ্যান্টিক কাগজের মলাট দু-টাকা, বাঁধাই আড়াই টাকা।
Q পাঠ-পরিচয় / "রাজর্ষি" রবীন্দ্রনাথের পুস্তকাকারে প্রকাশিত দ্বিতীয় উপন্যাস। বাংলা ১২৯২-৯৩ সালে (ইংরাজি ১৮৮৫-৮৬ খৃষ্টাব্দে) ইহা লেখা হয়। রবীন্দ্রনাথের বয়স তখন ২৪।২৫ বৎসর। "রাজর্ষি" লেখার ইতিহাস কবি স্বয়ং বর্ণনা করিয়াছেন।

"ছবি ও গান এবং কড়ি ও কোমল, এর মাঝখানে বালক নামক একখানি মাসিক পত্র একবৎসরের ওষধির মত ফসল ফলাইয়া লীলা সংবরণ করিল। * * * * দুই এক সংখ্যা 'বালক' বাহির হইবার পর দুই একদিনের জন্য দেওঘরে যাই। কলিকাতা ফিরিবার সময় রাত্রে গাড়িতে ভিড় ছিল ; ভাল করিয়া ঘুম হইতেছিল না, – ঠিক চোখের উপর আলো জ্বলিতেছিল। মনে করিলাম ঘুম যখন হইবেই না তখন এই সুযোগে বালক-এর জন্য একটা গল্প ভাবিয়া রাখি। গল্প ভাবিবার ব্যর্থ চেষ্টার টানে গল্প আসিল না, ঘুম আসিয়া পড়িল। স্বপ্ন দেখিলাম, কোন্ এক মন্দিরের সিঁড়ির উপর বলির রক্তচিহ্ন দেখিয়া একটি বালিকা অত্যন্ত করুণ ব্যাকুলতার সঙ্গে তাহার বাপকে জিজ্ঞাসা করিতেছে – বাবা, একি ! এ যে রক্ত ! বালিকার এই কাতরতায় তাহার বাপ অন্তরে ব্যথিত হইয়া অথচ বাহিরে রাগের ভান করিয়া কোনমতে তার প্রশ্নটাকে চাপা দিতে চেষ্টা করিতেছে। – জাগিয়া উঠিয়াই মনে হইল, এটি আমার স্বপ্নলব্ধ গল্প। এমন স্বপ্নে পাওয়া গল্প এবং অন্য লেখা আমার আরো আছে। এই স্বপ্নটির সঙ্গে ত্রিপুরার রাজা গোবিন্দমাণিক্যের ইতিহাস মিশাইয়া 'রাজর্ষি' গল্প মাসে মাসে লিখিতে লিখিতে বালক-এ বাহির করিতে লাগিলাম" – (জীবন-স্মৃতি, পৃ : ১৭৪)।

১২৯২ সালের (১৮৮৫-৮৬ খৃষ্টাব্দ) "বালক" পত্রিকার আষাঢ় (১ম-৩য় পরিচ্ছেদ), শ্রাবণ (৪র্থ-৬ষ্ঠ), ভাদ্র (৭ম-৯ম), আশ্বিন ও কার্ত্তিক (১০ম-১৮শ), অগ্রহায়ণ (১৯শ-২২শ), পৌষ (২৩শ-২৪শ) ও মাঘ (২৫শ, ২৬শ পরিচ্ছেদ) সংখ্যায় এক হইতে ষড়বিংশ পরিচ্ছেদ বাহির হয়। পরে ১২৯৩ সালে (১৮৮৬ খৃষ্টাব্দে) আশ্বিন মাসে ৪৪শ পরিচ্ছেদে ২৪২ পৃষ্ঠায় সম্পূর্ণ আকারে প্রকাশিত হয়।

"রাজর্ষি" উপন্যাসখানি পরে অনেকবার পুনর্মুদ্রণ হইয়াছে , শেষের দিকে কিছু অংশ বাদ দেওয়াও হয়। ১৯১৯ খৃষ্টাব্দের পুনর্মুদ্রণে ৪০শ এবং ৪১শ পরিচ্ছেদ সম্পূর্ণ বাদ যায়।

বর্ত্তমান সংস্করণে "বালক" হইতে ও পুরাতন সংস্করণ হইতে মিলাইয়া পাঠ নির্ণয় করা হইয়াছে। ৪১শ [য। ৪০] ও ৪১শ পরিচ্ছেদ এবং অন্যান্য প্রায় সমস্ত পরিত্যক্ত অংশগুলি পুনরায় সন্নিবিষ্ট করা হইল। পাঠ-নির্ণয় কার্য্যে শ্রীযুক্ত জীবনময় রায় ও শ্রীযুক্ত সজনীকান্ত দাস আমাকে বিশেষ সাহায্য করিয়াছেন। বানান মোটামুটি "বালক" ও পুরাতন সংস্করণ অনুযায়ী রাখা হইল। বর্ত্তমান সংস্করণের পাঠ এক রকম প্রামাণ্য বলিয়া গণ্য হইতে পারে।

"রাজর্ষি" গল্পের প্রথম অংশ লইয়া ১৮৯১ খৃষ্টাব্দে কবি "বিসর্জ্জন" নামক নাটকখানি রচনা করেন। ১৩ই মাঘ, ১৩৩১। শ্রীপ্রশান্তচন্দ্র মহলানবিশ।

R ধূসর নীল রঙের আঁস মেশানো মেইজ কাগজে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, নিচে ডানদিকে কবির শ্রীযুক্ত স্বাক্ষর ও পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর কালোয় ছাপা।

T পরিচ্ছেদ-সংখ্যা পুনরায় ৪৪। গ্রন্থশেষে শ্রীপ্রশান্তচন্দ্র মহলানবিশ-কৃত পাঠ-পরিচয়।

1 4

৮A রাজর্ষি / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১০ নং কর্ণ-ওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

B রায়সাহেব শ্রীজগদানন্দ রায়।

C রায়সাহেব শ্রীজগদানন্দ রায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ১৩৩৮ ভাদ্র। আগস্ট ১৯৩১ চতুর্থ (বিশ্বভারতী) সংস্করণ [02 অক্টোবর 1931]

H 1100

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22 × 37 এম্

K স্মল পাইকা। খণ্ড-সংখ্যাশব্দ গ্রেট। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ। পাদটীকা বর্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – তৎসম ক্রমশব্দে পরিচ্ছেদ-সংখ্যা – পত্রাঙ্ক পাইকা।

M *

N আখ্যাপত্র [2] + ১৯৪ + উপসংহার (২) + পাঠ-পরিচয় [2]

O এক টাকা।

R মাখন রঙের মেইজ কাগজে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম ও নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত স্বাক্ষর ও পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর খয়েরিতে ছাপা।

T ফর্মার তিন ধার অ-কাটা।

1 2 4

৯A রাজর্ষি / রবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১০নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

B শ্রীকিশোরীমোহন সাঁতরা।

C প্রভাতকুমার মুখোপাধ্যায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ১৩৪০ অগ্রহায়ণ। ডিসেম্বর ১৯৩৩ পঞ্চম (বিশ্বভারতী) সংস্করণ [02 জানুয়ারী 1934]

H 2100

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22 × 37 এম্

K স্মল পাইকা। খণ্ড-সংখ্যাশব্দ গ্রেট। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ। পাদটীকা বর্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – তৎসম ক্রমশব্দে পরিচ্ছেদ-সংখ্যা – পত্রাঙ্ক পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2] + ১৯৪ + উপসংহার (২) + পাঠ-পরিচয় [2]

O এক টাকা।

R ইটলাল মেইজ কাগজে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, নিচে ডানদিকে কবির স্বাক্ষর ও পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর লালে ছাপা।

1 4

১০A রাজর্ষি / রবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থন-বিভাগ / ২১০নং কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা

B শ্রীকিশোরীমোহন সাঁতরা।

C প্রভাতকুমার মুখোপাধ্যায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ১৩৪৪ মাঘ [20 ফেব্রুয়ারী 1938]

H [2100]

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22 × 37 এম্

K স্মল পাইকা। খণ্ড-সংখ্যাশব্দ গ্রেট। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ ইংলিশ। পাদটীকা বর্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – তৎসম ক্রমশব্দে পরিচ্ছেদ-সংখ্যা – পত্রাঙ্ক পাইকা।

M ভুরি সেলাই। লিম্প বাঁধাই।

N অধ্যাপত্র [2]+১৯৪+উপসংহার (২)+পাঠ-পরিচয় [2]

O এক টাকা।

R মাখন রঙের মেইজ কাগজে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, নিচে ডানদিকে কবির স্বাক্ষর ও পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর লালে ছাপা।

2 4

দ্র 'রবীন্দ্র রচনাবলী', দ্বিতীয় খণ্ড (1940), পৃ ৩৭৩-৫০২

Q সূচনা / রাজর্ষি সম্বন্ধে কিছু বলবার জন্যে অনুরোধ পেয়েছি। বলবার বিশেষ কিছু নেই। এর প্রধান বক্তব্য এই যে এ আমার স্বপ্নলব্ধ উপন্যাস।

বালক পত্রের সম্পাদিকা আমাকে ঐ মাসিকের পাতে নিয়মিত পরিবেশনের কাজে লাগিয়ে দিয়েছিলেন। তার ফল হ'ল এই যে প্রায় একমাত্র আমিই হলুম তার ভোজের জোগানদার। একটু সময় পেলেই মনটা কী লিখি কী লিখি করতে থাকে।

রাজনারায়ণ বাবু ছিলেন দেওঘরে। তাঁকে দেখতে যাব বলে বেরনো গেল। রাত্রে গাড়ির আলোটা বিশ্রামের ব্যাঘাত করবে বলে তার নিচেকার আবরণটা টেনে দিলুম। এংলোইণ্ডিয়ান সহযাত্রীর মন তাতে প্রসন্ন হ'ল না, ঢাকা খুলে দিলেন। জাগা অনিবার্য ভেবে একটা গল্পের প্লট মনে আনতে চেষ্টা করলুম। ঘুম এসে গেল। স্বপ্নে দেখলুম একটা পাথরের মন্দির। ছোটো মেয়েকে নিয়ে বাপ এসেছেন পুজো দিতে। সাদাপাথরের সিঁড়ির উপর দিয়ে বলির রক্ত গড়িয়ে পড়ছে। দেখে মেয়েটির মুখে কী ভয় কী বেদনা। বাপকে সে বার বার করুণ স্বরে বলতে লাগল, বাবা এত রক্ত কেন। বাপ কোনো মতে মেয়ের মুখ চাপা দিতে চায়, মেয়ে তখন নিজের আঁচল দিয়ে রক্ত মুছতে লাগল। জেগে উঠেই বললুম গল্প পাওয়া গেল। এই স্বপ্নের বিবরণ জীবন স্মৃতিতে পূর্বেই লিখেছি, পুনরুক্তি করতে হ'ল। আসল গল্পটা ছিল প্রেমের অহিংস পূজার সঙ্গে হিংস্র শক্তিপূজার বিরোধ। কিন্তু মাসিক পত্রের পেটুক দাবি সাহিত্যের বৈধ ক্ষুধার মাপে পরিমিত হতে চায় না। ব্যঞ্জনের পদসংখ্যা বাড়িয়ে চলতে হোলো।

বস্তুত উপন্যাসটি সমাপ্ত হয়েছে পঞ্চদশ পরিচ্ছেদে। ফসল খেতের যেখানে কিনারা সেদিকটাতে চাষ পড়েনি, আগাছায় জঙ্গল হয়ে উঠেছে। সাময়িক পত্রের অবিবেচনায় প্রায়ই লেখনীর জাত নষ্ট হয়। বিশেষ যেখানে শিশু পাঠকই লক্ষ্য সেখানে বাজে বাচালতার সংকোচ থাকে না। অল্প বয়সের ছেলেদেরও সম্মান রাখার দরকার আছে এ কথা শিশুসাহিত্য-লেখকেরা প্রায় ভোলেন। সাহিত্য রচনায় গুণী লেখনীর সতর্কতা যদি না থাকে যদি সে রচনা বিনা লজ্জায় অকিঞ্চিৎকর হয়ে ওঠে তবে সেটা অস্বাস্থ্যকর হবেই বিশেষত ছেলেদের পাকযন্ত্রের পক্ষে। দুধের বদলে পিঠুলি গোলা যদি ব্যবসার খাতিরে চালাতেই হয় তবে সে

ফাঁকি বরঞ্চ চালানো যেতে পারে বয়স্কদের পাত্রে, তাতে তাঁদের রুচির পরীক্ষা হবে কিন্তু ছেলেদের ভোগে নৈব নৈব চ।

১১A রাজর্ষি / রবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী গ্রন্থালয় / ২১০ কর্নওআলিস স্ট্রীট, কলিকাতা

B শ্রীপুলিনবিহারী সেন, বিশ্বভারতী, 6/3 দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা।

C শ্রীগঙ্গানারায়ণ ভট্টাচার্য, তাপসী প্রেস, 30 কর্নওয়ালিস স্ট্রিট, কলিকাতা।

G ১৩৪৭ চৈত্র [25 মার্চ 1941]

H [1100]

I হোয়াইট ওভ্‌ রয়্যাল 8

J 26 × 43 এম্‌

K স্মল পাইকা। সূচনা পাইকা। পরিচ্ছেদ-সংখ্যাশব্দ গ্রেট। পাদটীকা বর্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – গ্রন্থনাম – পত্রাঙ্ক পাইকা।

M ভুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র, সূচনা iv + ১৩১

O এক টাকা।

R হাল্‌কা হল্‌দে মেইজ কাগজে ওপরে মাঝখানে রবীন্দ্র-হস্তাক্ষরের সাদৃশ্যে গ্রন্থের নামাক্ষর, তার নিচে কবির স্বাক্ষর ও পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর লালে ছাপা।

T রচনাবলী সংস্করণের সূচনা পুনর্মুদ্রিত। পরিচ্ছেদ ৪৪ + উপসংহার।

4

027 চিঠিপত্র

১A চিঠি-পত্র। / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [D] / কলিকাতা, / শ্রীশরৎকুমার লাহিড়ী এণ্ড কোং কর্ত্তৃক ৫৪ নং কলেজ / ষ্ট্রীট হইতে প্রকাশিত ও ২১ নং সীতারাম ঘোষের ষ্ট্রীট, / ভূষণ প্রেসে, শ্রীলক্ষ্মীকান্ত ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত। / [D] / ১২৮৭। [য]/ মূল্য চারি আনা মাত্র।*

[* এই বিন্যাস প্রচ্ছদ অনুযায়ী। আখ্যাপত্রের তুলনায় পূর্ণতর বলে উৎকলিত হল]।

C শ্রীশশীভূষণ দত্ত, ভূষণ যন্ত্র, 96 চাঁপাতলা সেকেণ্ড লেন, কলিকাতা।
G [02 জুলাই 1887]
H [1000]
I হোয়াইট ওভ্ ডিমাই 12
J 19×33 এম্
K স্মল পাইকা। পত্রসম্বোধন গ্রেট। শেষ পত্রে প্রেরকের নাম ইংলিশ।
L × – পত্রাঙ্ক – × / × – পত্রাঙ্ক – × স্মল পাইকা।
M পুট ফেরা দুই ফোঁড় সেলাই।
N আখ্যাপত্র [2] + ৬৯
R পোড়ামাটি রঙের পোস্টার কাগজের মলাটে কালোয় ছাপা।
T আখ্যাপত্রে প্রকাশসন ১৮৮৭ মুদ্রিত। কোন কোন বইতে আখ্যাপত্র ভিন্ন : চিঠিপত্র / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / কলিকাতা / শ্রীশরৎকুমার লাহিড়ী এণ্ড কোং কর্তৃক ৫৪ নং কলেজ ষ্ট্রীট / হইতে প্রকাশিত ও ২১ নং সীতারাম ঘোষের ষ্ট্রীট / ভূষণ যন্ত্রে শ্রীলক্ষ্মীকান্ত ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত / ১৮৮৮।
U চিরঞ্জীবেষু (১), শ্রীচরণেষু (১১), চিরঞ্জীবেষু (১৯), শ্রীচরণেষু (২৬), চিরঞ্জীবেষু (৩৪), শ্রীচরণেষু (৪৩), চিরঞ্জীবেষু (৫৩), শ্রীচরণেষু (৫৯), চিরঞ্জীবেষু (৬৫)।
1 2 3 4

দ্র 'সমাজ' (1908), পৃ ৮৫-১৩৭

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', দ্বিতীয় খণ্ড (1940), পৃ ৫০৫-৩৭

022 সমালোচনা

১A সমালোচনা। / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / [DR] / কলিকাতা। / [DR] / পিপেল্স্ প্রেসে / শ্রীগোপাল চন্দ্র মুখোপাধ্যায় দ্বারা মুদ্রিত ও প্রকাশিত। / [D] / সন ১২৯৪ সাল। / [D] / মূল্য ১৲ এক টাকা।

BC (ঠিকানা) [78 কলেজ ষ্ট্রিট, কলিকাতা।]
G [26 মার্চ 1888]
H [1000]

I অ্যান্টিক ওভ্ ডিমাই 16

J 22×39 এম্

K স্মল পাইকা। প্রবন্ধনাম গ্রেট।

L পত্রাঙ্ক—গ্রন্থনাম।—× / ×—প্রবন্ধনাম।—পত্রাঙ্ক স্মল পাইকা।

M ডুরি সেলাই।

N আখ্যাপত্র, উৎসর্গ, সূচি [6]+১৬৭

P উৎসর্গপত্র। পূজনীয়া শ্রীমতী জ্ঞানদানন্দিনী দেবীর কর-কমলে স্নেহের সামান্য প্রতিদান স্বরূপ এই গ্রন্থ সাদরে সমর্পিত হইল।

R *

T কোন কোন বইতে আখ্যাপত্রে কলিকাতা।-র পরে '৭৮ নং কলেজ ষ্ট্রীট' লেবেল আঁটা।

U অনাবশ্যক (১), তার্কিক (৯), সত্যের অংশ (১৮), বিজ্ঞতা (২০), মেঘনাদ বধ কাব্য (২৮), নীরব কবি ও অশিক্ষিত কবি (৪১), সঙ্গীত ও কবিতা (৫০), বস্তুগত ও ভাবগত কবিতা (৬০), ডি প্রোফণ্ডিস (৬৭), কাব্যের অবস্থা-পরিবর্তন (৮১), চণ্ডিদাস ও বিদ্যাপতি (৯০), বসন্তরায় (১০৭), বাউলের গান (১২২), সমস্যা (১৩৩), এক চোখো সংস্কার (১৪৬), একটি পুরাতন কথা (১৫৫)।

1 2 3

দ্র 'রবীন্দ্র-গ্রন্থাবলী' (1904), পৃ ১০৫৩-১১৩৬

023 মায়ার খেলা

দ্র 'নলিনী' (1884)

১A মায়ার খেলা। / গীতিনাট্য। / [DR] / শ্রীরবীন্দ্র নাথ ঠাকুর। / মূল্য আট আনা।

BC শ্রীকালিদাস চক্রবর্ত্তী, আদি ব্রাহ্মসমাজ যন্ত্র, 55 আপার চিৎপুর রোড, কলিকাতা।

G অগ্রহায়ণ ১৮১০ শক [22 ডিসেম্বর 1888]

H [1000]

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 18×31 এম্

K স্থূল পাইকা। নাট্য-নির্দেশ ও রাগ-তাল পাইকা। পাত্রপাত্রীর নাম ইংলিশ। দৃশ্য-সংখ্যাশব্দ গ্রেট।

L পত্রাঙ্ক — গ্রন্থনাম। — × / × — গ্রন্থনাম। — পত্রাঙ্ক স্থূল পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2]+বিজ্ঞাপন ও সংক্ষিপ্ত আখ্যায়িকা vi+৬৪

P এই গ্রন্থের স্বত্ব সখিসমিতিকে দান করা হইল। গ্রন্থকার।

R গোলাপি পোস্টারে কালো কালিতে ছাপা প্রচ্ছদ। পেছনের মলাটে মুদ্রক-প্রকাশকের নাম-ঠিকানা।

S (মোরা) জলে স্থলে কত ছলে মায়াজাল গাঁথি (১), পথহারা তুমি পথিক যেন গো সুখের কাননে (৪), জীবনে আজ কি প্রথম এল বসন্ত (৪), কাছে আছে দেখিতে না পাও (৫-৮), আমার পরাণ যাহা চায় (৬), সখি, সে গেল কোথায় ['রবিচ্ছায়া'] (৯), দেলো, সখি, দে, পরাইয়ে গলে (১০), সখি, বহে গেল বেলা, শুধু হাসি খেলা (১১), ওলো রেখে দে, সখি, রেখে দে (১২), প্রেমের ফাঁদ পাতা ভুবনে (১৩ ও ১৬), যেওনা, যেওনা ফিরে (১৩), কে ডাকে! আমি কভু ফিরে নাহি চাই (১৪), এসেছিগো এসেছি, মন দিতে এসেছি (১৫), ওকে বল, সখি, বল, কেন মিছে করে ছল (১৫), মিছে ঘুরি এ জগতে কিসের পাকে (১৭), তারে দেখাতে পারিনে কেন প্রাণ! (খুলে গো) (১৭), সখা, আপনি মন নিয়ে কাঁদিয়ে মরি (১৮), আমি, জেনে শুনে বিষ করেছি পান (১৯), ভালবেসে যদি সুখ নাহি (২০), দেখ চেয়ে দেখ ঐ কে আসিছে (২১), সুখে আছি সুখে আছি, (সখা, আপন মনে) (২২), ভালবেসে দুখ সেও সুখ (২৩), ওই কে গো হেসে চায়! চায় প্রাণের পানে (২৫), দূরে দাঁড়ায়ে আছে (২৫), প্রেম পাশে ধরা পড়েছে দুজনে (২৬ ও ২৯), ওগো, দেখি, আঁখি তুলে চাও (২৭), ওকে বোঝা গেল না (২৯), দিবস রজনী আমি যেন কার (৩১), সাধ করে দেবে তাই (৩২), আমি হৃদয়ের কথা বলিতে ব্যাকুল (৩৩), নিমেষের তরে সরমে বাধিল (৩৪ ও ৪২), ওগো, সখি, দেখি, দেখি, মন কোথা আছে (৩৪), এ ত খেলা নয়! খেলা নয় (৩৫), সে জন কে, সখি বোঝা গেছে (৩৬), ওই মধুর মুখ জাগে মনে (৩৭), তারে কেমনে ধরিবে, সখি, যদি ধরা দিলে (৩৭), সকল হৃদয় দিয়ে ভালবেসেছি যারে (৩৮), তুমি কে গো, সখীরে কেন জানাও বাসনা (৩৯), তবে সুখে থাক, সুখে থাক (৪০), সেই শান্তিভবন ভুবন কোথা গেল (৪৩), কাছে ছিলে দূরে গেলে, দূর হতে এস কাছে (৪৪), দেখো, সখা, ভুল করে ভালবেস না (৪৪), ভুল করেছিনু ভুল ভেঙ্গেছে (৪৫), অলি বার বার ফিরে যায় (৪৫), ঐ, কে আমায় ফিরে ডাকে (৪৬), বিদায় করেছ যারে নয়ন জলে ['কড়ি ও কোমল'] (৪৭), আমি চলে এনু বলে কার বাজে ব্যথা (৪৭), সেদিনো ত মধুনিশি (৪৮), না বুঝে কারে তুমি ভাসালে আঁখিজলে (৪৮), আমি কারেও বুঝিনে শুধু বুঝেছি তোমারে (৪৯), প্রভাত হইল নিশি কানন ঘুরে (৪৯), মধুনিশি পূর্ণিমার (৫০), এস এস বসন্ত

ধরাতলে (৫২), মধুর বসন্ত এসেছে (৫৩), আজি আঁখি জুড়াল হেরিয়ে (৫৪), এ কি স্বপ্ন ! এ কি মায়া (৫৫), আহা, আজি এ বসন্তে এত ফুল ফুটে (৫৭), আমি ত বুঝেছি সব যে বোঝে না বোঝে (৫৮), এতদিন বুঝি নাই, বুঝেছি ধীরে (৫৮), চাঁদ, হাস, হাস (৫৯), আর কেন, আর কেন (৫৯), এ ভাঙ্গা সুখের মাঝে নয়ন জলে (৬০), যদি কেহ নাহি চায় (৬১), দুখের মিলন টুটিবার নয় (৬১), কেন এলি রে, ভালবাসিলি ['রবিচ্ছায়া'] (৬২), এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না (৬৩)।

T গান রাগ/তাল যুক্ত।

U প্রথম দৃশ্য (১), দ্বিতীয় দৃশ্য (৪), তৃতীয় দৃশ্য (৯), চতুর্থ দৃশ্য (১৭), পঞ্চম দৃশ্য (৩১), ষষ্ঠ দৃশ্য (৪৩), সপ্তম দৃশ্য (৫২)।

1 3 4

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896), পৃ ১৪০-৫১

দ্র 'রবীন্দ্র গ্রন্থাবলী' (1904), পৃ ৯৫৩-৬৭

দ্র 'গান' (1908), পৃ ১০৪-৫০

দ্র 'গান' (1909), পৃ ২৫-৫৮

দ্র 'কাব্যগ্রন্থ', দশম খণ্ড (1916), পৃ ৩৩-৭৬

দ্র 'গান' (1917), পৃ ২৯-৬৬

দ্র 'গীত-বিতান', প্রথম খণ্ড (1931), পৃ ৪৯-৮০

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', প্রথম খণ্ড (1939), পৃ ২২৭-৫৭

Q বিজ্ঞাপন। সখিসমিতির মহিলাশিল্পমেলায় অভিনীত হইবার উপলক্ষে এই গ্রন্থ উক্ত সমিতি-কর্তৃক মুদ্রিত হইল। ইহাতে সমস্তই কেবল গান, পাঠোপযোগী কবিতা অতি অল্প।

মাননীয়া শ্রীমতী সরলা রায়ের অনুরোধে এই নাট্য রচিত হয় এবং তাঁহাকেই সাদর উপহার স্বরূপে সমর্পণ করিলাম।

ইহার আখ্যান ভাগ কোন সমাজবিশেষে দেশবিশেষে বদ্ধ নহে। সঙ্গীতের কল্পরাজ্যে সমাজনিয়মের প্রাচীর তুলিবার আবশ্যক বিবেচনা করি নাই। কেবল বিনীতভাবে ভরসা করি এই গ্রন্থে সাধারণ মানবপ্রকৃতিবিরুদ্ধ কিছু নাই।

আমার পূর্ব্বরচিত একটি অকিঞ্চিৎকর গদ্য নাটিকার সহিত এ গ্রন্থের কিঞ্চিৎ সাদৃশ্য আছে। পাঠকেরা ইহাকে তাহারি সংশোধন স্বরূপে গ্রহণ করিলে বাধিত হইব।

এই গ্রন্থের তিনটি গান ইতিপূর্ব্বে আমার অন্য কাব্যে প্রকাশিত হইয়াছে।

পাঠক ও দর্শকদিগকে বুঝিতে হইবে যে, মায়াকুমারীগণ এই কাব্যের অন্যান্য পাত্রগণের দৃষ্টি বা শ্রুতিগোচর নহে।

এই নাট্যকাব্যের সংক্ষিপ্ত আখ্যায়িকা পর পৃষ্ঠায় বিবৃত হইল। নতুবা বিচ্ছিন্ন গানের মধ্য হইতে ইহার আখ্যান সংগ্রহ করা পাঠকদের পক্ষে দুরূহ বোধ হইতে পারে।

প্রথম দৃশ্য। প্রথম দৃশ্যে মায়াকুমারীগণের আবির্ভাব। মায়াকুমারীগণ কুহকশক্তিপ্রভাবে মানবহৃদয়ে নানাবিধ মায়া সৃজন করে। হাসি, কান্না, মিলন, বিরহ, বাসনা, লজ্জা, প্রেমের মোহ এ সমস্ত মায়াকুমারীদের ঘটনা। একদিন নববসন্তের রাত্রে তাহার [1] স্থির করিল প্রমোদপুরের যুবক যুবতীদের নবীনহৃদয়ে নবীন প্রেম রচনা করিয়া তাহারা মায়ার খেলা খেলিবে।

দ্বিতীয় দৃশ্য। নবযৌবন বিকাশে গ্রন্থের নায়ক অমর সহসা হৃদয়ের মধ্যে এক অপূর্ব্ব আকাঙ্ক্ষা অনুভব করিতেছে। সে উদাসভাবে জগতে আপন মানসী মূর্ত্তির অনুরূপ প্রতিমা খুঁজিতে বাহির হইয়াছে। এদিকে শান্তা আপন প্রাণমন অমরকেই সমর্পণ করিয়াছে। কিন্তু চিরদিন নিতান্ত নিকটে থাকাতে শান্তার প্রতি অমরের প্রেম জন্মিতে অবসর পায় নাই। অমর শান্তার হৃদয়ের ভাব না বুঝিয়া চলিয়া গেল। মায়াকুমারীগণ পরিহাসচ্ছলে গাহিল—

কাছে আছে দেখিতে না পাও,
কাহার সন্ধানে দূরে যাও।

তৃতীয় দৃশ্য। প্রমদার কুমারী-হৃদয়ে প্রেমের উন্মেষ হয় নাই। সে কেবল মনের আনন্দে হাসিয়া খেলিয়া বেড়ায়। সখীরা [য সখীরা] ভালবাসার কথা বলিলে সে অবিশ্বাস করিয়া উড়াইয়া দেয়। অশোক ও কুমার তাহার নিকটে আপন প্রেম ব্যক্ত করে কিন্তু সে তাহাতে ভ্রূক্ষেপ করে না। মায়াকুমারীগণ হাসিয়া বলিল তোমার এ গর্ব্ব চিরদিন থাকিবে না।

প্রেমের ফাঁদ পাতা ভুবনে,
কে কোথা ধরা পড়ে কে জানে।
গরব সব হায় কখন টুটে যায়,
সলিল বহে যায় নয়নে।

চতুর্থ দৃশ্য। অমর পৃথিবী খুঁজিয়া কাহারো সন্ধান পাইল না। অবশেষে প্রমদার ক্রীড়াকাননে আসিয়া দেখিল প্রমদার প্রেম লাভে অকৃতার্থ হইয়া অশোক আপন মর্ম্মব্যথা পোষণ করিতেছে। অমর বলিল যদি ভালবাসিয়া কেবল কেষ্টই সার তবে ভালবাসিবার প্রয়োজন কি? কেন যে লোকে সাধ করিয়া ভালবাসে অমর বুঝিতেই পারিল না। এমন

সময়ে সখীদের লইয়া প্রমদা কাননে প্রবেশ করিল। প্রমদাকে দেখিয়া অমরের মনে সহসা এক নূতন আনন্দ নূতন প্রাণের সঞ্চার হইল।—প্রমদা দেখিল আর সকলেই তৃষিত ভ্রমরের ন্যায় তাহার চারিদিকে ফিরিতেছে, কেবল অমর একজন অপরিচিত যুবক দূরে দাঁড়াইয়া আছে। সে আকৃষ্টহৃদয়ে সখীদিগকে বলিল "উহাকে একবার জিজ্ঞাসা করিয়া আয় ও কি চায়!" সখীদের প্রশ্নের উত্তরে অমরের অনতিস্ফুট হৃদয়ের ভাব স্পষ্ট ব্যক্ত হইল না। সখীরা কিছু বুঝিল না। কেবল মায়াকুমারীগন বুঝিল এবং গাহিল—

প্রেম পাশে ধরা পড়েছে দুজনে
দেখ দেখ সখি চাহিয়া!
দুটি ফুল খসে ভেসে গেল ওই
প্রণয়ের স্রোত বাহিয়া!

পঞ্চম দৃশ্য। অমরের মনে ক্রমে প্রমদার প্রতি প্রেম প্রবল হইয়া উঠিতে লাগিল। প্রমদারও হৃদয়ের ব্যাকুলতা বাড়িয়া উঠিল, বাহিরের চঞ্চলতা দূর হইয়া গেল। সখীরা প্রমদার অবস্থা বুঝিতে পারিল—কিন্তু পূর্ব্বদৃশ্যে অমরের অস্পষ্ট উত্তর এবং ভাবগতিক দেখিয়া অমরের প্রতি সখিদের বিশ্বাস নাই। এবং সখিদের নিকট হইতে সখীর হৃদয় হরণ করিয়া লইতেছে জানিয়া অমরের প্রতি হয়ত অলক্ষ্যে তাহাদের ঈষৎ মৃদুবিদ্বেষের ভাবও জন্মিয়াছে। অমর যখন প্রমদার নিকট আপনার প্রেম ব্যক্ত করিল প্রমদা কিছু বলিতে না বলিতে সখীরা তাড়াতাড়ি আসিয়া অমরকে প্রচুর ভর্ৎসনা করিল। সরল হৃদয় অমর প্রকৃত অবস্থা কিছু না বুঝিয়া হতাশ্বাস হইয়া ফিরিয়া গেল—ব্যাকুলহৃদয় প্রমদা লজ্জায় বাধা দিবার অবসর পাইল না। মায়াকুমারীগন গাহিল—

নিমেষের তরে সরমে বাধিল
মরমের কথা হল না।
জনমের তরে তাহারি লাগিয়ে
রহিল হৃদয় বেদনা!

ষষ্ঠ দৃশ্য। অমরের অসুখী অশান্ত আশ্রয়হীন হৃদয় সহজেই শান্তার প্রতি ফিরিল। এই দীর্ঘ বিরহে এবং অন্য সকলের প্রেম হইতে বিচ্ছিন্ন হইয়া অমর শান্তার প্রতি নিজের এবং নিজের প্রতি শান্তার অচ্ছেদ্য গূঢ় বন্ধন অনুভব করিবার অবসর পাইল। শান্তার নিকটে আসিয়া আত্মসমর্পন করিল।—এদিকে প্রমদার সখীরা দেখিল অমর আর ফিরে না; তাহারা প্রত্যাশা করিয়াছিল বাধা পাইয়া অমরের প্রেমানল দ্বিগুণ প্রজ্জলিত হইয়া উঠিবে; তাহাতে নিরাশ হইয়া তাহারা নানা কথার ছলে অমরকে আহ্বান করিতে লাগিল—অমর ফিরিল না; সখীদের ইঙ্গিত বুঝিতেই পারিল না। ভগ্নহৃদয়া প্রমদা অমরের প্রেমের আশা একেবারেই পরিত্যাগ করিল। মায়াকুমারীগণ গাহিল—

বিদায় করেছ যারে নয়ন জলে,
এখন ফিরাবে তারে কিসের ছলে !

সপ্তম দৃশ্য। শান্তা ও অমরের মিলনোৎসবে পুরনরনারীগণ কাননে সমাগত হইয়া আনন্দগান গাহিতেছে। অমর যখন পুষ্পমালা লইয়া শান্তার গলে আরোপন করিতে যাইতেছে এমন সময় ম্লান ছায়ার ন্যায় প্রমদা কাননে প্রবেশ করিল। সহসা অনপেক্ষিত ভাবে উৎসবের মধ্যে বিষাদ-প্রতিমা প্রমদার নিতান্ত করুণ দীন ভাব অবলোকন করিয়া নিমেষের মত আত্মবিস্মৃত অমরের হস্ত হইতে পুষ্পমালা খসিয়া পড়িয়া গেল। উভয়ের এই অবস্থা দেখিয়া শান্তা ও আর সকলের মনে বিশ্বাস হইল যে, অমর ও প্রমদার হৃদয় গোপনে প্রেমের বন্ধনে বাঁধা আছে। তখন শান্তা ও সখীগণ অমর ও প্রমদার মিলন সংঘটনে প্রবৃত্ত হইল। প্রমদা কহিল—"আর কেন। এখন বেলা গিয়াছে, খেলা ফুরাইয়াছে, এখন আর আমাকে কেন! এখন এ মালা তোমরা পর, তোমরা সুখে থাক।" অমর শান্তার প্রতি লক্ষ্য করিয়া কহিল "আমি মায়ার চক্রে পড়িয়া আপনার সুখ নষ্ট করিয়াছি এখন আমার এই ভগ্ন সুখ এই ম্লান মালা কাহাকে দিব, কে লইবে?" শান্তা ধীরে ধীরে কহিল "আমি লইব। তোমার দুঃখের ভার আমি বহন করিব। তোমার সাধের ভুল প্রেমের মোহ দূর হইয়া জীবনের সুখ নিশা অবসান হইয়াছে—এই ভুলভাঙা দিবালোকে তোমার মুখের দিকে চাহিয়া আমার হৃদয়ের গভীর প্রশান্ত সুখের কথা তোমাকে শুনাইব।" অমর ও শান্তার এইরূপে মিলন হইল। প্রমদা শূন্যহৃদয় লইয়া কাঁদিয়া চলিয়া গেল। মায়াকুমারীগন গাহিল—

এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মিলে না
শুধু সুখ চলে যায়,
এমনি মায়ার ছলনা !

024 রাজা ও রাণী

১A রাজা ও রাণী। / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / [D] / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী দ্বারা / মুদ্রিত ও প্রকাশিত। / ৫৫নং অপার চিৎপুর রোড। / ২৫ শ্রাবণ ১২৯৬ সাল। / মূল্য ১৲ টাকা।

G [09 আগস্ট 1889]

H [1000]

I হোয়াইট ওভ্‌ হাফ-ডিমাই 8

J 22×37 এম

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ, পাত্রপাত্রী ও মঞ্চ-নির্দেশ ইংলিশ। নাট্য-নির্দেশ পাইকা।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম। – × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা। – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, উৎসর্গ, নাটকের পাত্রগন [6]+১৪৯

P উৎসর্গ পত্র। পরম পূজনীয় শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর বড়দাদা মহাশয়ের শ্রীচরণকমলে এই গ্রন্থ উৎসৃষ্ট হইল।–

R *

S ঐ আঁখিরে (৫৭), যদি আসে তবে কেন যেতে চায় (৬১), এরা, পরকে আপন করে, আপনারে পর (৬৪), বাজিবে, সখি, বাঁশি বাজিবে (৭১), ঐ বুঝি বাঁশি বাজে (৭২), এবার যমের দুয়োর খোলা পেয়ে (১০৩), আমি নিশিদিন তোমায় ভালবাসি (১০৮), বঁধু, তোমায় করব রাজা তরুতলে (১১৬), আজ আসবে শ্যাম গোকুলে ফিরে (১৪০)। গান রাগ/তাল/স্বর-যুক্ত। শ্লোক : অতিদর্পে হতলঙ্কা (১০), লালনে বহবো (১০) ও নসমানাসমানস (১৩)।

U প্রথম অঙ্ক [৮ দৃশ্য] (১), দ্বিতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৩৭), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৫৫), চতুর্থ অঙ্ক [৫ দৃশ্য] (৭৬), পঞ্চম অঙ্ক [১১ দৃশ্য] (৯৩)।

1 3 4

২A রাজা ও রাণী। / (দ্বিতীয় সংস্করণ) / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত। / [D] কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীকালিদাস চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত ও / প্রকাশিত। / ৫৫নং চিৎপুর রোড। / ৩০ জ্যৈষ্ঠ ১৩০১ সাল। / মূল্য ১৲ টাকা।

G (12 জুন 1894)

H

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 20×33 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ পাইকা। পাত্রপাত্রী ও মঞ্চ-নির্দেশ ইংলিশ।

K পত্রাঙ্ক – গ্রন্থনাম। – × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা। – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, উৎসর্গ, নাটকের পাত্রগন [6]+১১২+শাদা [2]

R হাল্‌কা গোলাপী রঙের মেইজ মলাটে দৃষ্টিরেখায় মাঝখানে হরফে 'গ্রন্থনাম। / (দ্বিতীয় সংস্করণ)। / [DB] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / প্রণীত।' কালোয় ছাপা।

S প্রথম তিনটি (যথাক্রমে ৪০, ৪৬ ও ৫০) ছাড়া সব গান বর্জিত।

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (১), দ্বিতীয় অঙ্ক [৩ দৃশ্য] (২৫), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৩৮), চতুর্থ অঙ্ক [২ দৃশ্য] (৬৩), পঞ্চম অঙ্ক [৩ দৃশ্য] (৭৩), ষষ্ঠ অঙ্ক [৩ দৃশ্য] (৮৮)।

2 3

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896), পৃ ২০১-৪৬

S আজ আসবে শ্যাম গোকুলে ফিরে ছাড়া অন্য গানগুলি পুনর্যুক্ত হয়েছে।

T দ্বিতীয় ও পঞ্চম অঙ্কে দৃশ্য বস্তুত চারটি ও নয়টি, কারণ চতুর্থ ও অষ্টম দৃশ্য নেই।

U প্রথম অঙ্ক [দৃশ্য ৮] (২০১ক), দ্বিতীয় অঙ্ক [দৃশ্য ৫] (২১৩ক), তৃতীয় অঙ্ক [দৃশ্য ৫] (২১৮খ), চতুর্থ অঙ্ক [দৃশ্য ৪] (২২৫খ), পঞ্চম অঙ্ক [দৃশ্য ১০] (২৩০খ)।

দ্র 'কাব্য-গ্রন্থ', নবম ভাগ, তৃতীয় খণ্ড (1903), পৃ ১-১৭০

দ্র 'রবীন্দ্র গ্রন্থাবলী' (1904), পৃ ৭৫৬-৮১২

S বর্জন : যমের দুয়োর খোলা পেয়ে।

দ্র 'কাব্যগ্রন্থ', ষষ্ঠ খণ্ড (1915), পৃ ১-২০৮

S যমের দুয়োর খোলা পেয়ে (১৫১) পুনর্যুক্ত।

৩A রাজা ও রাণী / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / মূল্য — ১৲ টাকা।

B শ্রীঅপূর্বকৃষ্ণ বসু, ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ ও ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, 22 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।

C শ্রীঅপূর্বকৃষ্ণ বসু, ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ।

G

H

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22 × 36 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ও নাট্য-নির্দেশ ইংলিশ। গান বর্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা – পত্রাঙ্ক স্মল পাইকা।

M দুই তার ষ্টিচ।

N আখ্যাপত্র, নাটকের পাত্রগণ [4] + ১৩৪

P উৎসর্গ বর্জ্জিত।

R যব রঙে নীল আঁশ মলাটে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম ও নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত নাম কালোয় ছাপা।

3 4

৪A রাজা ও রাণী / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [D] / তৃতীয় সংস্করণ / ১৯২১ / মূল্য এক টাকা চারি আনা।

B শ্রীঅপূর্ব্বকৃষ্ণ বসু, ইণ্ডিয়ান প্রেস লিমিটেড, এলাহাবাদ।

C শ্রীকালাচাঁদ দালাল, কান্তিক প্রেস, 22 সুকিয়া ষ্ট্রীট, কলিকাতা।

G [19 ফেব্রুয়ারি 1921]

H [1000]

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22 × 36 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ও নাট্য-নির্দেশ ইংলিশ। গান বর্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা – পত্রাঙ্ক স্মল পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র, নাটকের পাত্রগণ [4] + ১৩৪

R নীল্‌চে সবুজ মেইজ মলাটে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, তার নিচে কবির শ্রী-যুক্ত নাম গাঢ় নীলে ছাপা।

T প্রাপ্তিস্থান : ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ ও ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, 22 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।

1 2 3 4

৫A রাজা ও রাণী / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

B রায়সাহেব শ্রীজগদানন্দ রায়।

C রায়সাহেব শ্রীজগদানন্দ রায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ১৩৩৪। পুনর্মুদ্রণ [15 মে 1928]

H [1100]

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22×36 এম

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ও নাট্য-নির্দেশ ইংলিশ। গান বর্জ্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা – পত্রাঙ্ক পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র, নাটকের পাত্রগণ [4]+১৩৪

O এক টাকা চারি আনা।

R হলুদে বস্-কিজ মলাটে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, মাঝখানে বি-মোহর ও নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত স্বাক্ষর চকোলেট রঙে ছাপা।

ধূসর রঙের মেইজ মলাটে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, নিচে কবির শ্রী-যুক্ত স্বাক্ষর ও পেছনের মলাটে নিচে বাঁদিকে বি-মোহর লালে ছাপা।

2 4

দ্র 'তপতী' (1929)

দ্র 'রবীন্দ্র-রচনাবলী', প্রথম খণ্ড (1939), পৃ ২৫৯-৩৭০

Q কবির মন্তব্য একদিন বড়ো আকারে দেখা দিল একটি নাটক – রাজা ও রানী। এর নাট্যভূমিতে রয়েছে লিরিকের প্লাবন, তাতে নাটককে করেছে দুর্বল, এ হয়েছে কাব্যের জলাজমি। ঐ লিরিকের টানে এর মধ্যে প্রবেশ করেছে ইলা এবং কুমারের উপসর্গ। সেটা অত্যন্ত শোচনীয়রূপে অসংগত। এই নাটকে যথার্থ নাট্যপরিণতি দেখা দিয়েছে যেখানে বিক্রমের দুর্দান্ত প্রেম প্রতিহত হয়ে পরিণত হয়েছে দুর্দান্ত হিংস্রতায়, আত্মঘাতী প্রেম হয়ে উঠেছে বিশ্বঘাতী।

প্রকৃতির প্রতিশোধের সঙ্গে রাজা ও রানীর এক জায়গায় মিল আছে। অসীমের সন্ধানে সন্ন্যাসী বাস্তব হতে ভ্রষ্ট হয়ে সত্য হতে ভ্রষ্ট হয়েছে বিক্রম তেমনি প্রেমে বাস্তবের সীমাকে লঙ্ঘন করতে গিয়ে সত্যকে হারিয়েছে। এই তত্ত্বকেই যে সজ্ঞানে লক্ষ্য ক'রে লেখা হয়েছে তা নয়, এর মধ্যে এই কথাটাই প্রকাশ পাবার জন্যে স্বত উদ্যত হয়েছে যে, সংসারের জমি থেকে প্রেমকে উৎপাটিত ক'রে আনলে সে আপনার রস আপনি জোগাতে পারে না, তার মধ্যে বিকৃতি ঘটতে থাকে।

এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না,
শুধু সুখে [খ] চলে যায়
এমনি মায়ার ছলনা॥

৬A রাজা ও রানী / রবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী গ্রন্থালয় / ২১০ কর্নওআলিস স্ট্রীট, কলিকাতা

B শ্রীপুলিনবিহারী সেন, বিশ্বভারতী, 6/3 দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা।

C শ্রীগঙ্গানারায়ণ ভট্টাচার্য, তাপসী প্রেস, 30 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা।

G 1347 ফাল্গুন। পুনর্মুদ্রণ [22 মার্চ 1941]

H [1100]

I হোয়াইট ওভ্ রয়্যাল 8

J 26 × 43 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ সংবৃত গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-নির্দেশ ইংলিশ চরিত্র-নির্দেশ পাইকা।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – গ্রন্থনাম – পত্রাঙ্ক পাইকা।

M *

N অর্ধআখ্যাপত্র [2] + আখ্যাপত্র, উৎসর্গ, কবির মন্তব্য, নাটকের পাত্রগণ + ৯-১১৮

O পাঁচ সিকা।

P উৎসর্গ পুনর্যুক্ত।

R *

T রচনাবলী সংস্করণের কবির মন্তব্য পুনর্মুদ্রিত।

4

024 বিসর্জন

দ্র 'রাজর্ষি' (1887)

১A বিসর্জন। / [DR] / (রাজর্ষি উপন্যাসের প্রথমাংশ হইতে / নাট্যাকারে রচিত।) / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর। / মূল্য এক টাকা।

BC [শ্রীকালিদাস চক্রবর্ত্তী, আদি ব্রাহ্মসমাজ প্রেস, 55 আপার চিৎপুর রোড, কলিকাতা।]

G [15 মে 1890]

H [500]

I হোয়াইট ওভ্‌ ডিমাই 8

J 22×37 এম্‌

K স্মল পাইকা। অঙ্ক গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ও নাট্য-নির্দেশ ইংলিশ। দৃশ্য-নির্দেশ পাইকা।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম।– × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা।– পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র [2]+উৎসর্গ vi+নাটকের পাত্রগণ [2]+১৫৪

P উৎসর্গ। শ্রীমান্‌ সুরেন্দ্রনাথ ঠাকুর / প্রাণাধিকেষু –

তোরি হাতে বাঁধা খাতা, তারি শ-খানেক খাতা
অক্ষরেতে ফেলিয়াছি ঢেকে,
মস্তিষ্ককোটরবাসী চিন্তাকীট রাশি রাশি
পদচিহ্ন গেছে যেন রেখে।
প্রবাসে প্রত্যহ তোরে হৃদয়ে স্মরণ ক'রে
লিখিয়াছি নির্জ্জন প্রভাতে,
মনে করি অবশেষে শেষ হলে ফিরে দেশে
জন্মদিনে দিব তোর হাতে।

বর্ণনাটা কবি শোন্‌, একা আমি, গৃহ কোণ,
কাগজ পত্তর ছড়াছড়ি,
দশ দিকে বইগুলি সঞ্চয় করিছে ধূলি,
আলস্যে যেতেছে গড়াগড়ি।
শয্যাহীন খাটখানা এক পাশে দেয় থানা,
প্রকাশিয়া কাঠের পাঁজর।
তারি পরে অবিচারে যাহা-তাহা ভারে ভারে
স্তুপাকারে [য] সহে অনাদর।

চেয়ে দেখি জানালায় খাল থানা শুষ্কপ্রায়,
মাঝে মাঝে বেঁধে আছে জল,
একধারে রাশ রাশ অর্দ্ধমগ্ন [য] দীর্ঘ বাঁশ,
তারি পরে বালকের দল।
ধরে মাছ, মারে ঢেলা, সারাদিন করে খেলা
উভচর মানব শাবক।

মেয়েরা মাজিছে গাত্র অথবা কাঁসার পাত্র
সোনার মতন ঝক্ ঝক্ !

উত্তরে যেতেছে দেখা পড়েছে পথের রেখা
শুক্ নেই জলপথ মাঝে,
বহুকষ্টে ডাক ছাড়ি, চলেছে গরুর গাড়ি,
ঝিনি ঝিনি ঘণ্টা তারি বাজে।
কেহ দ্রুত, কেহ ধীরে, কেহ যায় নতশিরে,
কেহ যায় বুক ফুলাইয়া,
কেহ জীর্ণ টাট্টু চড়ি চলিয়াছে তড়বড়ি
দুই ধারে দু'পা দুলাইয়া।

পরপারে গায়ে গায় অভ্রভেদী মহাকায়
গুচ্ছচ্ছায় বট অশথেরা,
স্নিগ্ধ বন-অঙ্কে তারি সুপ্তপ্রায় সারি সারি
কুঁড়েগুলি বেড়া দিয়ে ঘেরা।
বিহঙ্গে মানবে মিলি আছে হোথা নিরিবিলি,
ঘনশ্যাম পল্লবের ঘর,
সন্ধেবেলা হোথা হতে ভেসে আসে বায়ু স্রোতে
গ্রামের বিচিত্র গীত স্বর।

পূর্ব্ব প্রান্তে বন শিরে সূর্য্যোদয় ধীরে ধীরে,
চারিদিকে পাখীর কূজন,
শঙ্খঘণ্টা ক্ষণ পরে দূর মন্দিরের ঘরে
প্রচারিছে শিবের পূজন।
যে প্রত্যূষে মধুমাছি বাহিরায় মধু যাচি
কুসুমকুঞ্জের দ্বারে দ্বারে,
সেই ভোর বেলা আমি মানস কুহরে নামি
আয়োজন করি লিখিবারে।

লিখিতে লিখিতে মাঝে পাখী গান কানে বাজে,
মনে আনে কাল পুরাতন,
ওই গান, ওই ছবি, তরু শিরে রাঙা রবি
ওরা প্রকৃতির নিত্য ধন।
আদি কবি বাল্মীকিরে এই সমীরণ ধীরে
ভক্তি ভরে করেছে বীজন,
ওই, মায়া চিত্রবৎ, তরুলতা, ছায়াপথ,
ছিল তাঁর পুণ্য তপোবন।

রাজধানী কলিকাতা তুলেছে স্পর্দ্ধিত মাথা,
পুরাতন নাহি ঘেঁসে কাছে।
কাষ্ঠ লোষ্ট্র চারিদিক, বর্ত্তমান আধুনিক
আড়ষ্ট হইয়া যেন আছে।
"আজ" "কাল" দুটি ভাই মরিতেছে জন্মিয়াই,
কলরব করিতেছে কত।
নিশিদিন ধূলি প'ড়ে দিতেছে আচ্ছন্ন ক'রে
চিরসত্য আছে যেথা যত।

জীবনের হানাহানি, প্রাণ নিয়ে টানাটানি,
মত নিয়ে বাক্য বরিষণ,
বিদ্যা নিয়ে রাতারাতি, পুঁথির প্রাচীর গাঁথি
প্রকৃতির গণ্ডী বিরচন
কেবলি নূতনে আশ, সৌন্দর্য্যেতে অবিশ্বাস,
উন্মাদনা চাহি দিনরাত,
সে সকল ভুলে গিয়ে কোণে বসে খাতা নিয়ে
মহানন্দে কাটিছে প্রভাত।

দক্ষিণের বারান্দায় বেড়াই মুগ্ধের প্রায়,
অপরাহ্নে পড়ে তরুচ্ছায়া,
কল্পনার ধনগুলি হৃদয়-দোলায় তুলি
প্রতিক্ষণে লভিতেছে কায়া।

সেবি বাহিরের বায়ু বাড়ে তাহাদের আয়ু,
ভোগ করে চাঁদের অমিয়,
ভেদ করি মোর প্রাণ জীবন করিয়া পান
হইতেছে জীবনের প্রিয়।

এত তারা জেগে আছে নিশিদিন কাছে কাছে,
এত কথা কয় শত স্বরে,
তাহাদের তুলনায় আর সবে ছায়াপ্রায়
আসে যায় নয়নের পরে।
আজ সব হল সারা, বিদায় লয়েছে তারা,
নূতন বেঁধেছে ঘরবাড়ি,
এখন স্বাধীন বলে বাহিরে এসেছে চলে
অন্তরের পিতৃগৃহ ছাড়ি।

তাই এতদিন পরে আজি নিজমূর্তি ধরে
প্রবাসের বিরহ বেদনা,
তোদের কাছেতে যেতে তোদিকে নিকটে পেতে
জাগিতেছে একান্ত বাসনা।
সম্মুখে দাঁড়াব যবে "কি এনেছ" বলি সবে
যদ্যপি শুধাস্ হাসিমুখ,
খাতাখানি বের ক'রে বলিব "এ পাতা ভ'রে
আনিয়াছি প্রবাসের সুখ।"

সেই ছবি মনে আসে, টেবিলের চারিপাশে
গুটিকত চৌকি টেনে আনি,
শুধু জন দুই তিন, ঊর্দ্ধে জ্বলে কেরোসিন্,
কেদারায় বসি ঠাকুরাণী।
দক্ষিণের দ্বার দিয়ে, বায়ু আসে গান নিয়ে,
কেঁপে কেঁপে উঠে দীপশিখা,
খাতা হাতে সুর ক'রে অবাধে যেতেছি প'ড়ে
কেহ নাই করিবারে টীকা!

ঘণ্টা বাজে, বাড়ে রাত, ফুরায় ব'য়ের পাত,
বাহিরে নিস্তব্ধ চারিধার ;
তোদের নয়নে জল করে আসে ছলছল
শুনিয়া কাহিনী করুণার।
তাই দেখে শুতে যাই, আনন্দের শেষ নাই,
কাটে রাত্রি স্বপ্ন রচনায়,
মনে মনে প্রাণ ভরি' অমরতা লাভ করি
নীরব সে সমালোচনায়।

তার পরে দিনকত কেটে যায় এই মত,
তার পরে ছাপাবার পালা।
মুদ্রাযন্ত্র হ'তে শেষে বাহিরায় ভদ্রবেশে,
তার পরে মহা ঝালাফালা।
রক্তমাংস-গন্ধ পেয়ে ক্রিটিকেরা আসে ধেয়ে,
চারিদিকে করে কাড়াকাড়ি,
কেহ বলে, "ড্রামাটিক্ বলা নাহি যায় ঠিক,
লিরিকের বড় বাড়াবাড়ি।"

শির নাড়ি কেহ কহে "সব স্বন্ধ মন্দ নহে,
ভালো হ'ত আরো ভাল হলে !"
কেহ বলে "আয়ুহীন বাঁচিবে দুচারি দিন,
চির দিন রবে না তা বলে !"
কেহ বলে "এ বহিটা লাগিতে পারিত মিঠা
হত যদি অন্য কোন রূপ !"
যার মনে যাহা লয় সকলেই কথা কয়
আমি শুধু বসে আছি চুপ।

লয়ে নাম লয়ে জাতি বিদ্বানের মাতামাতি
ও সকল আনিস্‌নে কানে।
আইনের লৌহ ছাঁচে কবিতা কভু না বাঁচে
প্রাণ শুধু পায় তাহা প্রাণে।

হাসি মুখে স্নেহভরে সঁপিলাম তোর করে
বুঝিয়া পড়িবি অনুরাগে।
কে বোঝে কে নাই বোঝে, ভাবুক তা নাহি খোঁজে,
ভালো যার লাগে তার লাগে।

রবি কাকা।

R *

S ঝরঝর রক্ত ঝরে কাটামুণ্ডু বেয়ে (১৬), আমি একলা চলেছি এ ভবে (১৯ ও ৩১), উলঙ্গিনী নাচে রণরঙ্গে (৫২), আমারে, কে নিবি ভাই, সঁপিতে চাই আপনারে (৮০)। গান রাগ/তাল/ স্বর-যুক্ত।

U প্রথম অঙ্ক [৩ দৃশ্য] (১), দ্বিতীয় অঙ্ক [৭ দৃশ্য] (২২), তৃতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৬৬), চতুর্থ অঙ্ক [৭ দৃশ্য] (৯৬), পঞ্চম অঙ্ক [৮ দৃশ্য] (১২৭)।

1 2 3

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896), পৃ ২৪৭-৭৯

S বর্জন : ঝরঝর রক্ত ঝরে। সংযোজন : ওগো পুরবাসী (২৬০খ)* ও থাক্‌তে আর ত পারলি নে মা, পারলি কৈ (২৬৭খ)। [* রাগ-তাল উল্লেখ নেই।]

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (২৪৬ক), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (২৫৮ক), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (২৬৫খ), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (২৭৩ক), পঞ্চম অঙ্ক [৪ দৃশ্য] (২৭৬ক)।

২A বিসর্জন। / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর। / (২য় সংস্করণ) / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীদেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত ও / প্রকাশিত। / ৫৫নং অপার চিৎপুররোড। / ১ আষাঢ়, ১৩০৬ সাল। / মূল্য ১৲ টাকা মাত্র।

G (15 জুন 1899)

H

I হোয়াইট ওভ্ ডিমাই 12

J 19 × 33 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। নাট্য-নির্দেশ ইংলিশ। দৃশ্য ও চরিত্র-নির্দেশ পাইকা।

L পত্রাঙ্ক — গ্রন্থনাম। — × / × — ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা। — পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, নাটকের পাত্রগণ [4] + উৎসর্গ vii + ১১০

R *

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (১), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৩৮), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৬২), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (৮৮), পঞ্চম অঙ্ক [২ দৃশ্য] (১০০)।

3

দ্র 'কাব্য-গ্রন্থ', নবম ভাগ, দ্বিতীয় খণ্ড (1903), পৃ ৩১৫-৪৩৮

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (৩১৮), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৩৫৮), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৩৮৫), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (৪১৩), পঞ্চম অঙ্ক [৪ দৃশ্য] (৪২৫)।

দ্র 'রবীন্দ্র গ্রন্থাবলী' (1904), পৃ ৮১৩-৪৯

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (৮১৩ক), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৮২৫খ), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৮৩৪ক), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (৮৪২খ), পঞ্চম অঙ্ক [২ দৃশ্য] (৮৪৬ক)।

৩A বিসর্জ্জন / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত / নূতন সংস্করণ / [D] / ১৩১৬ / মূল্য ॥০ আট আনা

B শ্রীচারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, দি ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, 22 কর্ণওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা ও ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ।

C শ্রীপাঁচকড়ি মিত্র, ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ।

G

H

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22 × 36 এম

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ও চরিত্র-নির্দেশ ইংলিশ। উৎসর্গ ও গান বর্জ্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা – দৃশ্য-সংখ্যা – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র [2]+ উৎসর্গ vi + নাটকের পাত্রগণ [2]+ ৫-১০৩

R *

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (৫), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৩৮), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৬০), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (৮৩), পঞ্চম অঙ্ক [৪ দৃশ্য] (৯৩)।

2 4

দ্র 'কাব্যগ্রন্থ', ষষ্ঠ খণ্ড (1915), পৃ ২০৯-৩৬২

৪A বিসর্জ্জন / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত / [D] / দ্বিতীয় সংস্করণ / [D] / ইণ্ডিয়ান্ প্রেস্ লিমিটেড্, / এলাহাবাদ। / ১৩২৮ / মূল্য ৮০ আনা

BC শ্রীঅপূর্ব্বকৃষ্ণ বসু, ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ।

G

H

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 20 × 36 এম

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ইংলিশ। চরিত্র-নির্দেশ পাইকা। উৎসর্গ ও গান বর্জ্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা – দৃশ্য-সংখ্যা – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র [2] + উৎসর্গ vi + নাটকের পাত্রগণ [2] + ৫-১০৩

R *

T প্রাপ্তিস্থান : ইণ্ডিয়ান প্রেস লিমিটেড, এলাহাবাদ ও ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, কলিকাতা।

4

৫A বিসর্জ্জন / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১৭, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা

B শ্রীজগদানন্দ রায়।

C শ্রীশরৎশশী রায়, নিউ আর্টিষ্টিক প্রেস, 1A রামকিষণ দাস লেন, কলিকাতা।

G ১৩৩৩ তৃতীয় (বিশ্বভারতী) সংস্করণ [02 সেপ্টেম্বর 1926]

H [2100]

I অ্যান্টিক ওভ্ ক্রাউন 16

J 22 × 36 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ প্রস্তুত পাইকা বোল্ড। দৃশ্য-সংখ্যাশব্দ ও নাট্য-নির্দেশ পাইকা। উৎসর্গ ও গান বর্জ্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × - ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা – দৃশ্য-সংখ্যা – পত্রাঙ্ক স্মল পাইকা।

M ভুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2]+উৎসর্গ vi+নাটকের পাত্রগণ [2]+১৪১+পাঠ-পরিচয় iv

O বার আনা।

Q পাঠ-পরিচয় / লেখার তারিখ। "বিসর্জ্জন" নাটকখানি রবীন্দ্রনাথের ২৯।৩০ বৎসর বয়সে বাঙ্‌লা ১২৯৮ সালে (১৮৯০ – ৯১ খৃষ্টাব্দে) লেখা। ইহার পূর্ব্বে কবি আরও ৮ খানি নাটক লিখিয়াছিলেন, তাহার মধ্যে "বাল্মিকী-প্রতিভা", [য] ও "মায়ার-খেলা" এই দুইটী গীতি-নাট্য এবং "প্রকৃতির প্রতিশোধ" আর "রাজা ও রাণী" এখন প্রচলিত আছে।

আখ্যান-ভাগ। "বিসর্জ্জন" নাটকের গল্পাংশ "রাজর্ষি" উপন্যাস হইতে লওয়া। এই রাজর্ষি লেখার ইতিহাস কবি নিজে বর্ণনা করিয়াছেন :–

["] 'ছবি ও গান' এবং 'কড়ি ও কোমল' এর মাঝখানে বালক নামক একখানি মাসিক পত্র এক বৎসরের ওষধির মতো ফসল ফলাইয়া লীলা সংবরণ করিল। * * * * দুই এক সংখ্যা 'বালক' বাহির হইবার পর দুই একদিনের জন্য দেওঘরে যাই। কলিকাতা ফিরিবার সময় রাত্রে গাড়িতে ভিড় ছিল ; ভাল করিয়া ঘুম হইতেছিল না,– ঠিক চোখের উপর আলো জ্বলিতেছিল। মনে করিলাম ঘুম যখন হইবেই না, তখন এই সুযোগে 'বালক'এর জন্য একটা গল্প ভাবিয়া রাখি। গল্প ভাবিবার ব্যর্থ-চেষ্টার টানে গল্প আসিল না, ঘুম আসিয়া পড়িল। স্বপ্ন দেখিলাম, কোন্ এক মন্দিরের সিঁড়ির উপর বলির রক্তচিহ্ন দেখিয়া একটি বালিকা অত্যন্ত করুণ ব্যাকুলতার সঙ্গে তাহার বাপকে জিজ্ঞাসা করিতেছে–"বাবা, এ কি ! এ যে রক্ত !" বালিকার এই কাতরতায় তাহার বাপ অন্তরে ব্যথিত হইয়া অথচ বাহিরে রাগের ভান করিয়া কোনোমতে তাহার প্রশ্নটাকে চাপা দিতে চেষ্টা করিতেছে।–জাগিয়া উঠিয়াই মনে হইল, এটি আমার স্বপ্নলব্ধ গল্প। এমন স্বপ্নে-পাওয়া গল্প এবং অন্য লেখা আমার আরো আছে। এই স্বপ্নটির সঙ্গে ত্রিপুরার রাজা গোবিন্দমাণিক্যের ইতিহাস মিশাইয়া 'রাজর্ষি' গল্প মাসে মাসে লিখিতে লিখিতে 'বালক'এ বাহির করিতে লাগিলাম।"–(জীবনস্মৃতি পৃঃ ১৭৪)

ঐতিহাসিক ঘটনা। নাটকের পাত্র ও পাত্রীগণের মধ্যে মহারাজা গোবিন্দমাণিক্য, মহারাণী গুণবতী, ও যুবরাজ নক্ষত্ররায় ঐতিহাসিক ব্যক্তি। মুর্শিদাবাদের নবাবের সাহায্যে যুবরাজ নক্ষত্ররায়ের ছত্রমাণিক্যনামে ত্রিপুরার সিংহাসন-অধিকার ও গোবিন্দমাণিক্যের স্বেচ্ছায় রাজ্যত্যাগ ঐতিহাসিক ঘটনা। ত্রিপুরার ৺মহারাজা বীরচন্দ্র মাণিক্য বাহাদুর কবির নিকট নিম্নলিখিত প্রাচীন ইতিহাস পাঠাইয়াছিলেন।

"কল্যাণমাণিক্যস্য মরণাৎ ষোড়শদিনে বুধবাসরে শুভতিথ্যাদিযুতে যুবরাজো গোবিন্দ-নারায়ণো নানাবিধমহোৎসবৈঃ স্বকুলাচারবিধিনা সিংহাসনমারুহ্য পূর্ব্বরীত্যৈকপৃষ্ঠে শিবলিঙ্গাকৃতিখচিতাং পরপৃষ্ঠে স্বমহিষীগুণবতীনামাঙ্কিতাম্ সুবর্ণময়ীং রজতময়ীঞ্চ মুদ্রাং প্রথমমেব প্রচারয়ামাস। * * * অথ তস্য রাজ্যাভিষেকাদীর্ষ্যাপরতন্ত্রস্তৎ-বৈমাত্রেয়ো

নক্ষত্রঠাকুরো মুর্শিদাবাদাবস্থিতনবাবান্তিকং গত্বা স্বপরিচয়ং বিজ্ঞাপয়ামাস। সোঽপি ত্রিপুররাজ-পুত্রমিতি সমাদৃত্য তং যথোপচারং স্বনগর্য্যাং স্থাপয়ামাস। নক্ষত্রঠাকুরস্তু প্রত্যহং নানাবিধ-কৌতুকবাক্যেন নবাবং পরিতোষিতবান্। ততঃক্রমেনোভয়ো সৌহৃদ্যে সঞ্জাতে কদাচিৎ নক্ষত্রঠাকুরো নবাবং স্বাভিলষিতং বিজ্ঞাপ্য "যদ্যহং ত্বৎসাহায্যাৎ স্বপিতৃরাজ্যং লপ্স্যে তদা প্রচুরং হস্ত্যাদ্যুপহারং তে দাস্যামীতি" প্রোবাচ। তদাকর্ণ্য নবাবো "বহুশোঽপি ত্রিপুররাজ্য-মধিকর্ত্তুং কৃতযত্নোঽপি পূর্ণমনোরথো নাভবম্, পুনরীদানীং যত্নেষামাত্মবিরোধঃ সঞ্জায়তে, তদা-নায়াসেনৈব তদ্রাজ্যং লপ্স্য" ইতি স্বাত্মনি বিচিন্ত্য তস্মৈ মহাবলপরাক্রান্তান্ সৈনিকান্ দত্বা বিগ্রহৈঃ স্বরাজ্যলাভায় স্বদেশং গন্তুমাজ্ঞাপয়ৎ। সোঽপি—তদাজ্ঞপ্তঃ সসৈন্যস্তস্মাৎ প্রস্থায় উদয়পুররাজধানী-সমীপমাগতঃ। তদাকর্ণ্য ত্রৈপুরাঃ সর্ব্বএব যুদ্ধোদ্‌যোগায় ভূপতিং পুনঃ পুন-র্নিবেদিতবন্ত. সুধীরো ভূপালস্তদাকর্ণ্য "ক্ষণভঙ্গুররাজ্যসুখভোগায় ভ্রাত্রা চিরমকীর্ত্তিকরং যুদ্ধং কদাপ্যহং ন করিষ্যামি,—ঈদৃশং রাজ্যভোগমপেক্ষ্য বনগমনমেব শ্রেয়ঃ" ইত্যাদি নীতিবচনৈ স্তান্ প্রবোধ্য সত্বরং স্বমহিষ্যা গুণবত্যা ভ্রাত্রাদিভিশ্চ 'সংরিয়াং' দেশং গত্বা তত্রৈকাং পুরীং নির্ম্মায়োবাস। * * * অত্রান্তরে কতিদিনং ছত্রমাণিক্যস্য রাজ্যাধিকারঃ। তস্মিন মৃতে পুনর্গোবিন্দমাণিক্যএব রাজা বভূব।"

রাজর্ষি-উপন্যাসের প্রথম আঠারো পরিচ্ছেদ পর্য্যন্ত গল্প বিসর্জ্জনে ব্যবহার করা হইয়াছে, ৩২, ৩৩, ৩৬ ও ৩৭শ পরিচ্ছেদ হইতে নক্ষত্ররায়ের বিদ্রোহের কথাও লওয়া হইয়াছে। রাজর্ষির অন্যান্য অংশের সহিত বিসর্জ্জনের কোনো সম্পর্ক নাই।

নাটকোল্লিখিত ব্যক্তিগন। নাটকোল্লিখিত ব্যক্তিগণের মধ্যে গোবিন্দমাণিক্য, নক্ষত্ররায়, রঘুপতি, জয়সিংহ, হাসি ও তাতা—এই কয়জনের কথা রাজর্ষি-উপন্যাসে আছে। গুণবতী, অপর্ণা, নয়নরায়, চাঁদপাল বিসর্জ্জনের মধ্যে কবির নূতন সৃষ্টি। রাজর্ষি উপন্যাসে হাসি ও তাতার কাকা কেদারেশ্বরের কথা আছে, বিসর্জ্জনের প্রথম সংস্করণেও কেদারেশ্বরেব কথা ছিল, পরে বাদ যায়। বর্ত্তমান্ সংস্করণেও কেদারেশ্বরকে বাদ দেওয়া হইয়াছে। বিসর্জ্জনের প্রথম সংস্করণে অপর্ণার অন্ধ পিতার কথা ছিল, পরবর্ত্তী অন্যান্য সংস্করণে ও বর্ত্তমান সংস্করণে বাদ দেওয়া হইয়াছে।

বিভিন্ন সংস্করন। বিসর্জ্জনের প্রথম সংস্করন প্রকাশিত হয় বাঙ্‌লা ১২৯৭ সালে (ইংরাজী ১৮৯১ খৃষ্টাব্দে)। ১৩০৩ সালের সংগৃহীত সংস্করণে ইহার অনেকখানি বাদ দেওয়া হয়, কিন্তু দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় দৃশ্য (বর্ত্তমান সংস্করণে ৩য় অঙ্ক ১ম দৃশ্য) নূতন যোগ করা হয়। ১৩০৩-এর পরে এক হিসাবে আর কোনো সংস্করণ হয় নাই; ১৩০৩ সালের পাঠই বারবার পুনর্মুদ্রিত হইয়াছে। শুধু শেষ দৃশ্যের শেষ অংশটি পরে লেখা, সম্ভবত ১৩১০ সালে; ১৩১১ সালের পরে প্রত্যেক পুনর্মুদ্রণে এই অংশটি আছে।

বর্ত্তমান সংস্করন। গত ৩০ বৎসরের মধ্যে কোনো সংস্করণ না হওয়ায় বিসর্জ্জনের

পাঠ অনেক যায়গায় অশুদ্ধ হইয়া পড়িয়াছিল। বর্ত্তমান সংস্করণের পাঠ ১২৯৭ সালের প্রথম সংস্করণ, ১৩০৩ সালের সংগৃহীত সংস্করণ ও ১৯১৬ খৃষ্টাব্দের শোভন সংস্করণের সহিত মিলাইয়া প্রস্তুত করা হইল। বর্ত্তমান সংস্করণে প্রথম সংস্করণের অনেকগুলি পরিত্যক্ত অংশ পুনরুদ্ধার করা হইয়াছে, এবং ১৩৩০ সালে (১৯২৩ খৃষ্টাব্দে) লেখা সম্পূর্ণ নূতন একটি অংশও যোগ করিয়া দেওয়া হইয়াছে। সেই জন্য বর্ত্তমান্ সংস্করণে কবি অঙ্ক ও দৃশ্য বিভাগ সম্পূর্ণ নূতন করিয়া সাজাইয়াছেন। বর্ত্তমান সংস্করণটিকে সত্য সত্যই একটি সম্পূর্ণ নূতন সংস্করণ, এবং বর্ত্তমান পাঠ (ছাপার ভুল বাদ দিয়া) মোটামুটি প্রামাণ্য বলিয়া ধরা যাইতে পারে।

শ্রীপ্রশান্তচন্দ্র মহালানবিশ

R নীল্‌চে সবুজ হাতে তৈরি কাগজের মলাটে ওপরে বাঁদিকে হরফে গ্রন্থনাম, মাঝখানে বি-মোহর ও নিচে ডানদিকে কবির শ্রী-যুক্ত স্বাক্ষর নীলে ছাপা।

S ঝর ঝর রক্ত ঝরে কাটা মুণ্ড বেয়ে (১৪) পুনর্যুক্ত।

T পাঠ পরিচয় শ্রীপ্রশান্তচন্দ্র মহালানবিশ-কৃত।

U প্রথম অঙ্ক [৩ দৃশ্য] (১), দ্বিতীয় অঙ্ক [৫ দৃশ্য] (১৮), তৃতীয় অঙ্ক [৬ দৃশ্য] (৬০), চতুর্থ অঙ্ক [৪ দৃশ্য] (৯৯), পঞ্চম অঙ্ক [৪ দৃশ্য] (১২০)।

1 4

৬A বিসর্জ্জন / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১০ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

B রায়সাহেব শ্রীজগদানন্দ রায়।

C রায়সাহেব শ্রীজগদানন্দ রায়, শান্তিনিকেতন প্রেস, শান্তিনিকেতন, বীরভূম।

G ১৩৩৮ জ্যৈষ্ঠ। চতুর্থ সংস্করণ [24 সেপ্টেম্বর 1931]

H 1100

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 23 × 37 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ইংলিশ। চরিত্র-নির্দেশ পাইকা। উৎসর্গ ও গান বর্জ্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা – দৃশ্য-সংখ্যা – পত্রাঙ্ক পাইকা।

M ডুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2] + উৎসর্গ vi + নাটকের পাত্রগণ [2] + ৯৯

O বার আনা।

সেবি বাহিরের বায়ু বাড়ে তাহাদের আয়ু,
ভোগ করে চাঁদের অমিয়,
ভেদ করি মোর প্রাণ জীবন করিয়া পান
হইতেছে জীবনের প্রিয়।

এত তারা জেগে আছে নিশিদিন কাছে কাছে,
এত কথা কয় শত স্বরে,
তাহাদের তুলনায় আর সবে ছায়াপ্রায়
আসে যায় নয়নের পরে।
আজ সব হল সারা, বিদায় লয়েছে তারা,
নূতন বেঁধেছে ঘরবাড়ি,
এখন স্বাধীন বলে বাহিরে এসেছে চলে
অন্তরের পিতৃগৃহ ছাড়ি।

তাই এতদিন পরে আজি নিজমূর্ত্তি ধরে
প্রবাসের বিরহ বেদনা,
তোদের কাছেতে যেতে তোদিকে নিকটে পেতে
জাগিতেছে একান্ত বাসনা।
সম্মুখে দাঁড়াব যবে "কি এনেছ" বলি সবে
যদ্যপি শুধাস্ হাসিমুখ,
খাতাখানি বের ক'রে বলিব "এ পাতা ভ'রে
আনিয়াছি প্রবাসের সুখ।"

সেই ছবি মনে আসে, টেবিলের চারিপাশে
গুটিকত চৌকি টেনে আনি,
শুধু জন দুই তিন, ঊর্দ্ধে জ্বলে কেরোসিন্,
কেদারায় বসি ঠাকুরাণী।
দক্ষিণের দ্বার দিয়ে, বায়ু আসে গান নিয়ে,
কেঁপে কেঁপে উঠে দীপশিখা,
খাতা হাতে সুর ক'রে অবাধে যেতেছি প'ড়ে
কেহ নাই করিবারে টীকা!

ঘণ্টা বাজে, বাড়ে বাদ্য, ফুরায় ব'য়ের পাত,
বাহিরে নিস্তব্ধ চারিধার,
তোদের নয়নে জল কবে আসে ছলছল
শুনিয়া কাহিনী করুণার।
তাই দেখে শুতে যাই, আনন্দের শেষ নাই,
কাটে রাত্রি স্বপ্ন রচনায়,
মনে মনে প্রাণ ভরি' অমরতা লাভ করি
নীরব সে সমালোচনায়।

তার পরে দিনকত কটে যায় এই মত,
তার পরে ছাপাবার পালা।
মুদ্রাযন্ত্র হতে শেষে বাহিরায় ভদ্রবেশে,
তার পরে মহা ঝালাফালা।
রক্তমাংস-গন্ধ পেয়ে ক্রিটিকেরা আসে ধেয়ে,
চারিদিকে করে কাড়াকাড়ি,
কেহ বলে, "ড্রামাটিক বলা নাহি যায় ঠিক,
লিরিকের বড় বাড়াবাড়ি।"

শির নাড়ি কেহ কহে "সব সুদ্ধ মন্দ নহে,
ভালো হ'ত আরো ভাল হলে।"
কেহ বলে "আয়ুহীন বাঁচিবে দুচারি দিন,
চির দিন রবে না তা বলে।"
কেহ বলে "এ বহিটা লাগিতে পারিত মিঠা
হত যদি অন্য কোন রূপ।"
যার মনে যাহা লয় সকলেই কথা কয়
আমি শুধু বসে আছি চুপ।

লয়ে নাম লয়ে জাতি বিদ্বানের মাতামাতি
ও সকল আনিস্‌নে কানে।
আইনের লৌহ ছাঁচে কবিতা কভু না বাঁচে
প্রাণ শুধু পায় তাহা প্রাণে।

হাসি মুখে স্নেহভরে সঁপিলাম তোর করে
বুঝিয়া পড়িবি অনুরাগে।
কে বোঝে কে নাই বোঝে, ভাবুক তা নাহি খোঁজে,
ভালো যার লাগে তার লাগে।

রবি কাকা।

R *

S ঝরঝর রক্ত ঝরে কাটামুণ্ডু বেয়ে (১৬), আমি একলা চলেছি এ ভবে (১৯ ও ৩১), উলঙ্গিনী নাচে রণরঙ্গে (৫২), আমারে, কে নিবি ভাই, সঁপিতে চাই আপনারে (৮০)। গান রাগ/তাল/সুর-যুক্ত।

U প্রথম অঙ্ক [৩ দৃশ্য] (১), দ্বিতীয় অঙ্ক [৭ দৃশ্য] (২২), তৃতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৬৬), চতুর্থ অঙ্ক [৭ দৃশ্য] (৯৬), পঞ্চম অঙ্ক [৮ দৃশ্য] (১২৭)।

1 2 3

দ্র 'কাব্য গ্রন্থাবলী' (1896), পৃ ২৪৭-৭৯

S বর্জন : ঝরঝর রক্ত ঝরে। সংযোজন : ওগো পুরবাসী (২৬০খ)* ও থাক্‌তে আর ত পারলি নে মা, পার্‌লি কৈ (২৬৭খ)। [* রাগ-তাল উল্লেখ নেই।]

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (২৪৬ক), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (২৫৮ক), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (২৬১খ), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (২৭৩ক), পঞ্চম অঙ্ক [৪ দৃশ্য] (২৭৬ক)।

২A বিসর্জন। / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর। / (২য় সংস্করণ) / কলিকাতা / আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে / শ্রীদেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত ও / প্রকাশিত। / ৫৫নং অপার চিৎপুররোড। / ১ আষাঢ়, ১৩০৬ সাল। / মূল্য ১৲ টাকা মাত্র।

G (15 জুন 1899)

H

I হোয়াইট ওভ্‌ ডিমাই 12

J 19 × 33 এম্‌

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। নাট্য-নির্দেশ ইংলিশ। দৃশ্য ও চরিত্র-নির্দেশ পাইকা।

L পত্রাঙ্ক — গ্রন্থনাম। — × / × — ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা। — পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র, নাটকের পাত্রগণ [4] + উৎসর্গ vii + ১১০

R *

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (১), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৩৮), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৬২), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (৮৮), পঞ্চম অঙ্ক [২ দৃশ্য] (১০০)।

3

দ্র 'কাব্য-গ্রন্থ', নবম ভাগ, দ্বিতীয় খণ্ড (1903), পৃ ৩১৫-৪৩৮

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (৩১৮), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৩৫৮), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৩৮৫), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (৪১৩), পঞ্চম অঙ্ক [৪ দৃশ্য] (৪২৫)।

দ্র 'রবীন্দ্র গ্রন্থাবলী' (1904), পৃ ৮১৩-৪৯

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (৮১৩ক), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৮২৫খ), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৮৩৪ক), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (৮৪২খ), পঞ্চম অঙ্ক [২ দৃশ্য] (৮৪৬ক)।

৩A বিসর্জ্জন / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত / নূতন সংস্করণ / [D] / ১৩১৬ / মূল্য ॥০ আট আনা

B শ্রীচারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, দি ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, 22 কর্নওয়ালিস ষ্ট্রিট, কলিকাতা ও ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ।

C শ্রীপাঁচকড়ি মিত্র, ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ।

G

H

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 22 × 36 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ও চরিত্র-নির্দেশ ইংলিশ। উৎসর্গ ও গান বর্জ্জইস।

L পত্রাঙ্ক – গ্রন্থনাম – × / × – ক্রমশঃকে অঙ্ক-সংখ্যা – দৃশ্য-সংখ্যা – পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র [2]+ উৎসর্গ vi + নাটকের পাত্রগণ [2]+ ৫-১০৩

R *

U প্রথম অঙ্ক [৫ দৃশ্য] (৫), দ্বিতীয় অঙ্ক [৪ দৃশ্য] (৩৮), তৃতীয় অঙ্ক [৫ দৃশ্য] (৬৬), চতুর্থ অঙ্ক [৩ দৃশ্য] (৮৩), পঞ্চম অঙ্ক [৪ দৃশ্য] (৯৩)।

2 4

দ্র 'কাব্যগ্রন্থ', ষষ্ঠ খণ্ড (1915), পৃ ২০৯-৩৬২

৪A বিসর্জ্জন / [DR] / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত / [D] / দ্বিতীয় সংস্করণ / [D] / ইণ্ডিয়ান্ প্রেস্ লিমিটেড্, / এলাহাবাদ। / ১৩২৮ / মূল্য ৸০ আনা

BC শ্রীঅপূর্ব্বকৃষ্ণ বসু, ইণ্ডিয়ান প্রেস, এলাহাবাদ।

G

H

I হোয়াইট ওভ্ ক্রাউন 16

J 20 × 36 এম

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ গ্রেট। দৃশ্য-সংখ্যাশব্দ ইংলিশ। চরিত্র-নির্দেশ পাইকা। উৎসর্গ ও গান বর্জইস।

L পত্রাঙ্ক — গ্রন্থনাম — × / × — ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা — দৃশ্য-সংখ্যা — পত্রাঙ্ক স্মল পাইকা।

M *

N আখ্যাপত্র [2] + উৎসর্গ vi + নাটকের পাত্রগণ [2] + ৫-১০৩

R *

T প্রাপ্তিস্থান : ইণ্ডিয়ান প্রেস লিমিটেড, এলাহাবাদ ও ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, কলিকাতা।

4

৫A বিসর্জ্জন / শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর / [বি-মোহর] / বিশ্বভারতী-গ্রন্থালয় / ২১৭, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা

B শ্রীজগদানন্দ রায়।

C শ্রীশরৎশশী রায়, নিউ আর্টিষ্টিক প্রেস, 1A রামকিষণ দাস লেন, কলিকাতা।

G ১৩৩৩ তৃতীয় (বিশ্বভারতী) সংস্করণ [02 সেপ্টেম্বর 1926]

H [2100]

I অ্যান্টিক ওভ্ ক্রাউন 16

J 22 × 36 এম্

K স্মল পাইকা। অঙ্ক-সংখ্যাশব্দ প্রস্তত পাইকা বোল্ড। দৃশ্য-সংখ্যাশব্দ ও নাট্য-নির্দেশ পাইকা। উৎসর্গ ও গান বর্জইস।

L পত্রাঙ্ক — গ্রন্থনাম — × / × — ক্রমশব্দে অঙ্ক-সংখ্যা — দৃশ্য-সংখ্যা — পত্রাঙ্ক স্মল পাইকা।

M ছুরি সেলাই। লিম্প বাঁধাই।

N আখ্যাপত্র [2]+উৎসর্গ vi+নাটকের পাত্রগণ [2]+ ১৪১ + পাঠ-পরিচয় iv

O বার আনা।

Q পাঠ-পরিচয় / লেখার তারিখ। "বিসর্জ্জন" নাটকখানি রবীন্দ্রনাথের ২৯।৩০ বৎসর বয়সে বাঙ্‌লা ১২৯৮ সালে (১৮৯০ – ৯১ খৃষ্টাব্দে) লেখা। ইহার পূর্ব্বে কবি আরও ৮ খানি নাটক লিখিয়াছিলেন, তাহার মধ্যে "বাল্মিকী-প্রতিভা", [য] ও "মায়ার-খেলা" এই দুইটী গীতি-নাট্য এবং "প্রকৃতির প্রতিশোধ" আর "রাজা ও রাণী" এখন প্রচলিত আছে।

আখ্যান-ভাগ। "বিসর্জ্জন" নাটকের গল্পাংশ "রাজর্ষি" উপন্যাস হইতে লওয়া। এই রাজর্ষি লেখার ইতিহাস কবি নিজে বর্ণনা করিয়াছেন : –

["] 'ছবি ও গান' এবং 'কড়ি ও কোমল' এর মাঝখানে বালক নামক একখানি মাসিক পত্র এক বৎসরের ওষধির মতো ফসল ফলাইয়া লীলা সংবরণ করিল। * * * * দুই এক সংখ্যা 'বালক' বাহির হইবার পর দুই একদিনের জন্য দেওঘরে যাই। কলিকাতা ফিরিবার সময় রাত্রে গাড়িতে ভিড় ছিল ; ভাল করিয়া ঘুম হইতেছিল না, – ঠিক চোখের উপর আলো জ্বলিতেছিল। মনে করিলাম ঘুম যখন হইবেই না, তখন এই সুযোগে 'বালক'এর জন্য একটা গল্প ভাবিয়া রাখি। গল্প ভাবিবার ব্যর্থ-চেষ্টার টানে গল্প আসিল না, ঘুম আসিয়া পড়িল। স্বপ্ন দেখিলাম, কোন্ এক মন্দিরের সিঁড়ির উপর বলির রক্তচিহ্ন দেখিয়া একটি বালিকা অত্যন্ত করুণ ব্যাকুলতার সঙ্গে তাহার বাপকে জিজ্ঞাসা করিতেছে – "বাবা, এ কি! এ যে রক্ত!" বালিকার এই কাতরতায় তাহার বাপ অন্তরে ব্যথিত হইয়া অথচ বাহিরে রাগের ভান করিয়া কোনোমতে তাহার প্রশ্নটাকে চাপা দিতে চেষ্টা করিতেছে। – জাগিয়া উঠিয়াই মনে হইল, এটি আমার স্বপ্নলব্ধ গল্প। এমন স্বপ্নে-পাওয়া গল্প এবং অন্য লেখা আমার আরো আছে। এই স্বপ্নটির সঙ্গে ত্রিপুরার রাজা গোবিন্দমাণিক্যের ইতিহাস মিশাইয়া 'রাজর্ষি' গল্প মাসে মাসে লিখিতে লিখিতে 'বালক'এ বাহির করিতে লাগিলাম।" – (জীবনস্মৃতি পৃঃ ১৭৪)

ঐতিহাসিক ঘটনা। নাটকের পাত্র ও পাত্রীগণের মধ্যে মহারাজা গোবিন্দমাণিক্য, মহারাণী গুণবতী, ও যুবরাজ নক্ষত্ররায় ঐতিহাসিক ব্যক্তি। মুর্শিদাবাদের নবাবের সাহায্যে যুবরাজ নক্ষত্ররায়ের ছত্রমাণিক্যনামে ত্রিপুরার সিংহাসন-অধিকার ও গোবিন্দমাণিক্যের স্বেচ্ছায় রাজ্যত্যাগ ঐতিহাসিক ঘটনা। ত্রিপুরার ৬মহারাজা বীরচন্দ্র মাণিক্য বাহাদুর কবির নিকট নিম্নলিখিত প্রাচীন ইতিহাস পাঠাইয়াছিলেন।

"কল্যাণমাণিক্যস্য মরণাৎ ষোড়শদিনে বুধবাসরে শুভতিথ্যাদিযুতে যুবরাজো গোবিন্দনারায়ণো নানাবিধমহোৎসবৈঃ স্বকুলাচারবিধিনা সিংহাসনমারুহ্য পূর্ব্বরীত্যৈকপৃষ্ঠে শিবলিঙ্গাকৃতিখচিতাং পরপৃষ্ঠে স্বমহিষীগুণবতীনামাঙ্কিতাম্ সুবর্ণময়ীং রজতময়ীঞ্চ মুদ্রাং প্রথমমেব প্রচারয়ামাস। * * * অথ তস্য রাজ্যাভিষেকাদীর্ধ্যাপরতন্ত্রস্তৎ-বৈমাত্রেয়ো

নক্ষত্রঠাকুরো মুর্শিদাবাদাবস্থিতনবাবান্তিকং গত্বা স্বপরিচয়ং বিজ্ঞাপয়ামাস। সোঽপি ত্রিপুররাজ-পুত্রমিতি সমাদৃত্য তং যথোপচারং স্বনগর্য্যাং স্থাপয়ামাস। নক্ষত্রঠাকুরস্তু প্রত্যহং নানাবিধ-কৌতুকবাক্যেন নবাবং পরিতোষিতবান্। ততঃক্রমেনোভয়ো সৌহৃদ্যে সঞ্জাতে কদাচিৎ নক্ষত্রঠাকুরো নবাবং স্বাভিলষিতং বিজ্ঞাপ্য "যদ্যহং ত্বৎসাহায্যাৎ স্বপিতৃরাজ্যং লপ্স্যে তদা প্রচুরং হস্ত্যাদ্যুপহারং তে দাস্যামীতি" প্রোবাচ। তদাকর্ণ্য নবাবো "বহুশোঽপি ত্রিপুররাজ্য-মধিকর্ত্তুং কৃতযত্নোঽপি পূর্ণমনোরথো নাভবম্, পুনরীদানীং যদ্যেষামাত্মবিরোধঃ সঞ্জায়তে, তদা-নায়াসেনৈব তদ্রাজ্যং লপ্স্য" ইতি স্বাত্মনি বিচিন্ত্য তস্মৈ মহাবলপরাক্রান্তান্ সৈনিকান্ দত্ত্বা বিগ্রহৈঃ স্বরাজ্যলাভায় স্বদেশং গন্তুমাজ্ঞাপয়ৎ। সোঽপি—তদাজ্ঞপ্তঃ সসৈন্যস্তস্মাৎ প্রস্থায় উদয়পুররাজধানী-সমীপমাগতঃ। তদাকর্ণ্য ত্রৈপুরাঃ সর্ব্বএব যুদ্ধোদ্‌যোগায় ভূপতিং পুনঃ পুন-র্নিবেদিতবন্ত, সুধীরো ভূপালস্তদাকর্ণ্য "ক্ষণভঙ্গুররাজ্যসুখভোগায় ভ্রাত্রা চিরমকীর্ত্তিকরং যুদ্ধং কদাপ্যহং ন করিষ্যামি,—ঈদৃশং রাজ্যভোগমপেক্ষ্য বনগমনমেব শ্রেয়ঃ" ইত্যাদি নীতিবচনৈ স্তান্ প্রবোধ্য সত্বরং স্বমহিষ্যা গুণবত্যা ভ্রাত্রাদিভিশ্চ 'সংরিয়াং' দেশং গত্বা তত্রৈকাং পুরীং নির্ম্মায়োবাস। * * * অত্রান্তরে কতিদিনং ছত্রমাণিক্যস্য রাজ্যাধিকারঃ। তস্মিন মৃতে পুনর্গোবিন্দমাণিক্যএব রাজা বভূব।"

রাজর্ষি-উপন্যাসের প্রথম আঠারো পরিচ্ছেদ পর্য্যন্ত গল্প বিসর্জ্জনে ব্যবহার করা হইয়াছে, ৩২, ৩৩, ৩৬ ও ৩৭শ পরিচ্ছেদ হইতে নক্ষত্ররায়ের বিদ্রোহের কথাও লওয়া হইয়াছে। রাজর্ষির অন্যান্য অংশের সহিত বিসর্জ্জনের কোনো সম্পর্ক নাই।

নাটকোল্লিখিত ব্যক্তিগণ। নাটকোল্লিখিত ব্যক্তিগণের মধ্যে গোবিন্দমাণিক্য, নক্ষত্ররায়, রঘুপতি, জয়সিংহ, হাসি ও তাতা—এই কয়জনের কথা রাজর্ষি-উপন্যাসে আছে। গুণবতী, অপর্ণা, নয়নরায়, চাঁদপাল বিসর্জ্জনের মধ্যে কবির নূতন সৃষ্টি। রাজর্ষি উপন্যাসে হাসি ও তাতার কাকা কেদারেশ্বরের কথা আছে, বিসর্জ্জনের প্রথম সংস্করণেও কেদারেশ্বরের কথা ছিল, পরে বাদ যায়। বর্ত্তমান্ সংস্করণেও কেদারেশ্বরকে বাদ দেওয়া হইয়াছে। বিসর্জ্জনের প্রথম সংস্করণে অপর্ণার অন্ধ পিতার কথা ছিল, পরবর্ত্তী অন্যান্য সংস্করণে ও বর্ত্তমান সংস্করণে বাদ দেওয়া হইয়াছে।

বিভিন্ন সংস্করণ। বিসর্জ্জনের প্রথম সংস্করণ প্রকাশিত হয় বাঙ্‌লা ১২৯৭ সালে (ইংরাজী ১৮৯১ খৃষ্টাব্দে)। ১৩০৩ সালের সংগৃহীত সংস্করণে ইহার অনেকখানি বাদ দেওয়া হয়, কিন্তু দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় দৃশ্য (বর্ত্তমান সংস্করণে ৩য় অঙ্ক ১ম দৃশ্য) নূতন যোগ করা হয়। ১৩০৩-এর পরে এক হিসাবে আর কোনো সংস্করণ হয় নাই; ১৩০৩ সালের পাঠই বারবার পুনর্মুদ্রিত হইয়াছে। শুধু শেষ দৃশ্যের শেষ অংশটি পরে লেখা, সম্ভবত ১৩১০ সালে; ১৩১১ সালের পরে প্রত্যেক পুনর্মুদ্রণে এই অংশটি আছে।

বর্ত্তমান সংস্করণ। গত ৩০ বৎসরের মধ্যে কোনো সংস্করণ না হওয়ায় বিসর্জ্জনের

